হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০২ ঃ মেহেরপুর- শুক্রবার ১ আগষ্ট ২০২৫ ইং ঃ ১৭ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ৬ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা



চব্বিশের ১ আগস্টে প্রতিবাদের ভয়াবহ অভিজ্ঞতা জানালেন বাঁধন -পৃষ্ঠা-৩




## ১ আগস্ট/৩২ জুলাই : 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' কর্মসূচিতে পুলিশের বাধা, ৬ সমন্বয়কের মুক্তি

নিজস্ব প্রতিবেদক

২০২৪ সালের ১ আগস্ট (৩২ জুলাই) বৃহস্পতিবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' কর্মসূচিতেও দেশের বিভিন্ন স্থানে বাধা দেয় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। আবার কোথাও কোথাও পুলিশের সঙ্গে বিক্ষোভকারীদের পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটে। কয়েকটি স্থানে বেশকিছু শিক্ষার্থীকে আটক করা হয়।
কোটা সংস্কারের দাবিতে চলমান আন্দোলন ১৬ জুলাই সংঘর্ষে রূপ নেয় এবং প্রাণহানির ঘটনা ঘটে। এই ঘটনাকে 'জুলাই গণহত্যা' হিসেবে আখ্যায়িত করা হয়। এরপর ২১ জুলাই, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ হাইকোর্টের রায় বাতিল করে কোটা সংস্কারের পক্ষে রায় দিলেও ক্ষোভ প্রশমিত হয়নি। আন্দোলনকারীরা তখন জানায়,

২-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুর থেকে রাজনৈতিক জমিদারি প্রথা বিলুপ্ত

## জেলা বিএনপির প্রস্তুতি সভায় ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-এর কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আগামী ৫ ও ৬ আগস্ট পালন উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (৩১ জুলাই) বিকেল ৫টায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ সভা হয়।
প্রধান অতিথির বক্তব্যে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "মেহেরপুর থেকে রাজনৈতিক জমিদারি প্রথা চিরতরে বিদায় নিয়েছে। এ মাটিতে এখন আর কোনো একক আধিপত্য চলবে না। সবাই মিলে গলায় গলা মিলিয়ে রাজনীতি করবো।" তিনি আরও বলেন, "আমাদের নেতা তারেক রহমান ১৮ কোটি মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতীক। তাঁর দেওয়া স্লোগান 'দিল্লি নয়, পিন্ডি নয়, সবার আগে বাংলাদেশ' আজ জনগণের কণ্ঠস্বর।

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে উদ্ভাবিত দুম্বা-গাড়ল সংকর জাত মাংস উৎপাদনে নতুন সম্ভাবনার দ্বার

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে প্রাণিসম্পদ খাতে নতুন সম্ভাবনার সূচনা করেছে মেহেরপুরের গাংনীর এক খামারির হাত ধরে। ইউটিউবে সিংহ ও বাঘের সংকর প্রজাতির ভিডিও দেখে অনুপ্রাণিত হয়ে তিনি উদ্ভাবন করেছেন ভেড়ার এক নতুন সংকর জাত। গাড়ল ও দুম্বার সংকরায়ণের মাধ্যমে জন্ম নেওয়া এই নতুন প্রজাতি ওজন, আকৃতি ও রোগ প্রতিরোধ ক্ষমতায় প্রচলিত গাড়লের তুলনায় বহুগুণে উন্নত।
গাংনী উপজেলার ভোমরদা গ্রামের মালয়েশিয়া ফেরত তরুণ খামারি আসাদুজ্জামান আসাদ ২০২০ সালে বিদেশ থেকে ফিরে কৃষিকাজে মনোনিবেশ করেন। প্রথমে গরুর খামার দিয়ে যাত্রা শুরু করলেও গোখাদ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে সেটি টেকাতে ব্যর্থ হন। পরবর্তীতে ছাগল ও গাড়ল পালনে মনোনিবেশ করেন এবং ধীরে ধীরে শুধুই গাড়ল পালনে অভ্যস্ত হয়ে ওঠেন। ২০২৪ সালের কোরবানির ঈদের আগে তিনি নাটোর থেকে দুটি দুম্বা সংগ্রহ

২-এর পৃষ্ঠা দেখুন



## আগামী ৫-৬ দিন খুবই গুরুত্বপূর্ণ প্রেস সচিব

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের নতুন রাজনৈতিক বন্দোবস্তের জন্য আগামী পাঁচ থেকে ছয় দিন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। বৃহস্পতিবার (৩১ জুলাই) দুপুরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, "আগামী পাঁচ-ছয় দিনের মধ্যেই বোঝা যাবে, আমরা কোন পথে এগোচ্ছি। তবে পরিস্থিতি যাই হোক, নির্বাচন পেছানোর কোনো সুযোগ নেই। এ বিষয়ে প্রধান উপদেষ্টা অত্যন্ত দৃঢ় অবস্থানে রয়েছেন।"
তিনি আরও বলেন, "জনগণের

২-এর পৃষ্ঠা দেখুন




## জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মানববন্ধন

তৌহিদুল ইসলাম তুহিন

"মার্চ ফর জাস্টিস" কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম পদযাত্রা ও মানববন্ধন করেছে। বৃহস্পতিবার দুপুর ২টার দিকে মেহেরপুর জেলা আইনজীবী ফোরামের সভাপতির নেতৃত্বে আইনজীবী ভবনের সামনে থেকে পদযাত্রা শুরু হয়। এই পদযাত্রা মেহেরপুর জর্জ কোর্ট এলাকা প্রদক্ষিণ করে জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে পুলিশের অভিযানে তিনজন গ্রেফতার

গাংনী প্রতিনিধি

মেহেরপুর জেলা পুলিশের সার্বিক নির্দেশনায় গাংনী থানা পুলিশ মাদক, দ্রুত বিচার ও পরোয়ান-াভুক্ত মামলার আসামিদের গ্রেফতার করতে অভিযান পরিচালনা করেছে। গত ২৪ ঘণ্টায় পরিচালিত এ অভিযানে পৃথক স্থান থেকে ৩ (তিন) জন আসামিকে গ্রেফতার করেছে থানা পুলিশ।
গ্রেফতারকৃত ব্যক্তিরা হলেন, কুস্টিয়া দৌলতপুর থানার খলিসাকুন্ডির আসাদুলের ছেলে কলিন্স। তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রয়েছে।

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে তিন মাদক মামলায় চার আসামির কারাদণ্ড

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের করা পৃথক তিনটি মামলার রায়ে চার আসামিকে এক বছর করে সশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ড দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (৩১ জুলাই) দুপুরে মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ রায় ঘোষণা করেন।
মামলার নথি অনুযায়ী, জি.আর-১২৫/১৯ (মেহেরপুর) মামলায় আসামি মোঃ আল আমিন ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) টেবিলের ১০(ক)/৪১ ধারায় অভিযুক্ত হন। আদালত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে ১ বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেন।
অপর মামলায়, জি.আর-১৮৫/২০ (মেহেরপুর) মামলায় আসামি মোঃ মিন্টু মিয়া একই আইনের ৩৬(১) টেবিলের ১৪(ক) ধারায় অভিযুক্ত হন। মামলার শুনানিতে তার দোকানসংলগ্ন এলাকা থেকে মাটির নিচে পুঁতে রাখা ৪ বোতল ফেনসিডিল উদ্ধার ও আলামত হিসেবে উপস্থাপন করা হয়। আদালত তাকে ১ বছরের সশ্রম কারাদণ্ড, ৫ হাজার টাকা জরিমানা, অনাদায়ে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। তৃতীয় মামলায়, জি.আর-৭/১৯ (মুজিবনগর), আসামি মোঃ জয়নাল মন্ডল ও মোঃ বিপ্লব আলী ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) টেবিলের ১০(ক) ধারায় অভিযুক্ত হন। মামলায় উভয়কে ১ বছর সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড, অনাদায়ে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। মামলার বিবরণে জানা যায়, ২০১৯ সালের এক অভিযানে মুজিবনগরের মোনাখালী এলাকায় অভিযান চালিয়ে পুলিশ ১৮ পিস ইয়াবাসহ তিনজনকে আটক করে। মামলার

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক শামসুল আলম সোনা

মেহেরপুর প্রতিনিধি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের অনুমোদনে মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের নতুন আহ্বায়ক কমিটি গঠন করা

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে বাড়ি নির্মাণবিষয়ক কর্মশালা

মেহেরপুর প্রতিনিধি

"নিশ্চিন্তে গড়ি নিরাপদ বাড়ি" এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের গাংনীতে বাড়ি নির্মার্ণ- বিষয়ক সচেতনতামূলক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
বুধবার রাত ৮টায় গাংনীর পলাশীপাড়া সমাজকল্যাণ সমিতির কার্যালয়ে মেঘনা ঢালাই স্পেশাল কোম্পানির উদ্যোগে কর্মশালাটি আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেঘনা ঢালাই স্পেশাল কোম্পানির গাংনী পরিবেশক 'সাজিদ ট্রেডিং'-এর স্বত্বাধিকারী মো. সিরাজুল ইসলাম।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোম্পানির ডেপুটি জেনারেল ম্যানেজার (সেলস অ্যান্ড মার্কেটিং) মো. জিয়ারুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন অএগ বিদ্যুৎ কুমার বণিক, পলাশীপাড়া সমাজকল্যাণ

২-এর পৃষ্ঠা দেখুন

## যে সনদের খসড়া পাঠানো হয়েছে, তা দেখে আমি হতাশ: ডা. তাহের

নিজস্ব প্রতিবেদক

সংস্কারের প্রস্তাবগুলোর আইনগত ভিত্তি না থাকলে তা বাস্তবায়নযোগ্য হবে না। জনগণের কাছে এর কোনো মূল্য থাকবে না তাতে সই করবে না জামায়াত বলে জানিয়েছেন দলটির নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের। জামায়াতে ইসলামীর নায়েবে আমির বলেন, দীর্ঘ আলোচনায় যেসব সংস্কার প্রস্তাবে একমত হয়েছি, তা যদি সঠিকভাবে বাস্তবায়ন হয়, তাহলে বাংলাদেশে একটি গুণগত পরিবর্তন সম্ভব। কিন্তু মঙ্গলবার কমিশনের পক্ষ থেকে যে সনদের খসড়া পাঠানো হয়েছে, তা দেখে খুব হতাশ হয়েছি। সেখানে বলা হয়েছে, দুই বছরের মধ্যে এসব

২-এর পৃষ্ঠা দেখুন



## কুস্টিয়ায় নাশকতার মামলায় ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগ নেতা গ্রেপ্তার

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার মিরপুরে নাশকতার মামলায় ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগ নেতাসহ দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (২৯ জুলাই) দিবাগত রাতে উপজেলার যোগিপুল ও পোড়াদহ এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন মিরপুর উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি ইমরান খান (২৭) ও পোড়াদহ ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শিহাব মেম্বার (৪২)। তারা একটি নাশকতার মামলার অজ্ঞাতনামা আসামি হিসেবে গ্রেপ্তার হন। পুলিশ

২-এর পৃষ্ঠা দেখুন

## আগামী নির্বাচন প্রতিটি মানুষের জন্য গুরুত্বপূর্ণ তারেক রহমান

নিজস্ব প্রতিবেদক

আগামী জাতীয় সংসদ নির্বাচন শুধু একটি রাজনৈতিক ইভেন্ট নয়, বরং এটি দেশের প্রতিটি নাগরিকের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণড়এমন মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বৃহস্পতিবার (৩১ জুলাই) রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে জাতীয়তাবাদী মহিলা দল আয়োজিত এক আলোচনা সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে তিনি এ মন্তব্য করেন। তারেক রহমান বলেন, "আমাদের লক্ষ্য হচ্ছে একটি গণতান্ত্রিক, নিরাপদ, মানবিক এবং নারীবান্ধব বাংলাদেশ গড়ে তোলা। একজন মায়ের চোখে বাংলাদেশ যেমন হওয়া উচিত, সেই বাংলাদেশ গড়তে হলে সামনে যে জাতীয়

২-এর পৃষ্ঠা দেখুন



## অবসরপ্রাপ্ত শিক্ষকের স্মরণীয় বিদায়: ঘোড়ার গাড়িতে সফর

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহের কালীগঞ্জে সরকারি নলডাঙ্গা ভূষণ পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ইংরেজি বিষয়ের সিনিয়র শিক্ষক আজিবর রহমান ও অফিস সহায়ক মশিয়ার রহমানকে ঘোড়ার গাড়িতে চড়ে স্মরণীয় বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার দিকে বিদ্যালয়ের হলরুমে আয়োজিত স্মৃতিচারণ সভায় তাদের প্রতি গভীর শ্রদ্ধা ও ভালোবাসা জানানো হয়।
বিদ্যালয়ের দীর্ঘদিন কর্মরত এই দুজন কর্মী সম্প্রতি অবসরে যাওয়ায়

২-এর পৃষ্ঠা দেখুন

**অনুবাক্য**

**মামুনুর রশিদ মামুন**

**খবর(গণমাধ্যমে প্রতিযোগিতা থাকবেই,**
**কিন্তু তার দায়িত্বহীনে না পৌছে)**

চাঁদাবাজি অনেকেই করে
মিথ্যা বলার ছলে
সব কিছুরই প্রকাশ পায়
পড়লে গ্যাড়াকলে ।
সাংবাদিকের নাম ভাঙিয়ে
কেউ যদি তা করে
যাচাই-বাছাই না করে তাই
দোষ চাপিয়ে দেয় ঘাড়ে ।
থলের বিড়াল বাহির করো না
থলিতে রাখো ভরে
ফ্যাসিষ্ট বাদের লোক হয়েও
লম্বা কথা বলে।
কাদা ছোড়াছুড়ি করো না কেউ
কাদার জায়গায় থাক
অতীত কথা বেরিয়ে আসলে
নিজেরাই হবা শার্ট ।



## চুয়াডাঙ্গা সীমান্তে বিজিবির কাছে ১৫ বাংলাদেশী হস্তান্তর

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দামুড়হুদা সীমান্তে বিজিবি ও বিএসএফের ব্যাটালিয়ন কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠকের মাধ্যমে ভারতে অনুপ্রবেশকারী ১৫ বাংলাদেশী নাগরিককে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী

২-এর পৃষ্ঠা দেখুন

## রাজনৈতিক দলগুলোর মধ্যে পারস্পরিক বোঝাপড়া থাকা উচিত: মির্জা ফখরুল

নিজস্ব প্রতিবেদক

রাজনৈতিক দলগুলোর মধ্যে সৌহার্দ্যপূর্ণ বোঝাপড়ার আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, "দলগুলোর মধ্যে পারস্পরিক শ্রদ্ধা ও বোঝাপড়া না থাকলে গণতন্ত্র দুর্বল হয় এবং রাজনৈতিক বিভাজন তীব্র আকার ধারণ করে।" বৃহস্পতিবার (৩১ জুলাই) জাতীয় প্রেস ক্লাবে 'জুলাই-আগস্ট অভ্যুত্থানের বর্ষপূর্তি' উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে দুর্নীতি প্রতিরোধে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের মুজিবনগর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে এবং উপজেলা প্রশাসনের সহযোগিতায় দুর্নীতি বিরোধী বিতর্ক প্রতিযোগিতা, পুরস্কার বিতরণ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলার গোপালনগর মাধ্যমিক বিদ্যালয়

২-এর পৃষ্ঠা দেখুন



## জুলাই পুনর্জাগরণে মেহেরপুরে প্রাইমারি স্কুলে সাংস্কৃতিক উন্মেষ

নিজস্ব প্রতিবেদক

'জুলাই পুনর্জাগরণ' উপলক্ষে মেহেরপুর জেলায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগে আয়োজন করা হয়েছে সঙ্গীত, চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা, আলোচনা সভা এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান। গতকাল বৃহস্পতিবার (৩১ জুলাই) জেলার

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ শুক্রবার ॥ ১৭ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ১ আগস্ট ২০২৫ইং

# চাঁদাবাজির সময় কি 'মেহেরপুর প্রতিদিন' রউফ এর সঙ্গে ছিলো ?

নিজস্ব প্রতিবেদক

আবদুর রউফের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগের প্রেক্ষিতে নানা প্রশ্ন উঠে এসেছে। এ চাঁদাবাজির সময় ' মেহেরপুর প্রতিদিন' পত্রিকা যুক্ত কিনা তা তদন্তর প্রয়োজন। এ চাঁদাবাজির ঘটনায় বিভিন্ন গণমাধ্যমে আবদুর রউফকে 'কথিত সাংবাদিক' ও কোন কোন গণ মাধ্যমে 'দৈনিক রূপকার' পত্রিকার প্রতিনিধিও বলেছেন। কিন্তু মেহেরপুর প্রতদিন বার বার উদ্দেশ্যপ্রোণোদিত ভাবে "আমাদের সূর্যোদয়' পত্রিকাকে একতরফাভাবে দোষারোপ করে যাচ্ছে। ৩১ জুলাই প্রকাশিত 'মেহেরপুর প্রতিদিন'-এর এক প্রতিবেদনে বলা হয়, "চাঁদাবাজির অভিযোগে কথিত সাংবাদিক আবদুর রউফ কারাগারে" এই শিরোনামে প্রকাশিত প্রতিবেদনটিতে দাবি করা হয়, "এদিকে আবদুর রউফকে বারবার চাঁদাবাজির অভিযোগে আটক করা হলেও চাঁদাবাজের গডফাদার থেকে গেছে ধরাছোঁয়ার বাইরে। এলাকাবাসীর দাবি, চাঁদাবাজ আবদুর রউফের গডফাদারকেও আইনের আওতায় আনা হোক।" তবে প্রশ্ন উঠেছে এই "এলাকাবাসীর দাবি"র ভিত্তি কী? প্রতিবেদনে একাধিক জনের নাম উল্লেখ না করে সাধারণীকরণ করা হয়েছে, যা সাংবাদিকতার নৈতিক মানদণ্ডের পরিপন্থী। সৎ সাহস থাকলে ফ্যাস্টি আওয়ামী লীগ ও তার দোসর সমার্থিত এই পত্রিকাটি অনুসন্ধারকরে গড ফাদারের নাম প্রকাশ করবে। পত্রিকাটি আরও দাবি করেছে, তারা 'আমাদের সূর্যোদয়'-এর প্রকাশক ও সম্পাদক আবুল কাসেম অনুরাগীর সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও ব্যর্থ হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে প্রকাশকের কোনো নম্বরেই ফোন করেনি তারা, যা কললিস্ট যাচাই করলেই প্রমাণ হবে। 'মেহেরপুর প্রতিদিন'-এর সম্পাদক পদ নিয়ে প্রশ্ন তুলতেই হয়। পত্রিকাটির সম্পাদক দায়িত্বে থাকা ব্যক্তির যথাযথ যোগ্যতা বা আইনগত ভিত্তি রয়েছে কি না, সেটিও তদন্ত সাপেক্ষ জেলা প্রশাসকের দেখা উচিৎ। যেকোনো প্রতিষ্ঠানেই 'ভারপ্রাপ্ত' পদে থাকা ব্যক্তি সেই প্রতিষ্ঠানের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন, যতদিন না পূর্বের প্রধান পুনরায় দায়িত্ব গ্রহণ করেন। কাজেই একজন ভারপ্রাপ্ত সম্পাদকের মন্তব্যের পরিবর্তে সম্পাদকের পদ থেকে সরে যাওয়া ব্যক্তিকে 'সম্পাদক" উল্লেখ করা অপ্রাসঙ্গিক এবং দায়িত্ব এড়ানোর কৌশল বলেই মনে করা হচ্ছে। তাই 'মেহেরপুর প্রতিদিন' পত্রিকার সম্পাদনা কাঠামো ও এ ঘটনার সঙ্গে সংশ্লিষ্টতা বিষয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



## দুধ-জুসে কি শিশুর দাঁতে ক্যাভিটি হয়?

সূর্যোদয় প্রতিবেদন

আপনার শিশুসন্তান দিনে একাধিকবার মিষ্টি দুধ ও জুস খেয়ে থাকে। এতে দাঁতের জন্য ঝুঁকিপূর্ণ। দাঁত ঠিকভাবে পরিষ্কার না করলে ক্যাভিটি হতে পারে, যা পরে দাঁতের পচন ও ব্যথা হয়। এর ফলে দন্ত চিকিৎসকের কাছে যাওয়ার প্রয়োজন পড়ে। সেজন্য চকলেট, টফি, বিস্কুট, চিপস এসব খাবার আপনার শিশু সন্তানের কাছ থেকে দূরে রাখতে হবে। কারণ এসব খাবার ছোটদের ভীষণ পছন্দের। কিন্তু আপনি জানলে অবাক হবেন, শুধু এগুলোই নয়, মিষ্টি, দুধ ও জুস ও দাঁতের জন্য ক্ষতিকর। অনেক সময় বাবা-মা ভালো মনে করে বারবার শিশুদের দুধ ও জুস খাওয়ান, যা দাঁতের ক্ষতি করে। এই মসের দিল্লির দন্ত শিক্ষা ও গবেষণা কেন্দ্র সম্প্রতি ডেন্টাল হাইজিন বিষয়ে 'হেলদি স্মাইল' নামের একটি মোবাইল অ্যাপ চালু করেছে। এই অ্যাপে বিশেষজ্ঞরা জানাচ্ছেন, কেবল চকলেট বা টফি নয় এমন অনেক খাবার রয়েছে, যেগুলোর কারণে দাঁতে ক্যাভিটি হতে পারে এর মধ্যে মিষ্টি, দুধ ও জুসও রয়েছে। দন্ত বিশেষজ্ঞ চিকিৎসকরা বলছেন, যদি আপনার শিশু সন্তান দিনে তিন বারের বেশি মিষ্টি, টফি, ক্যান্ডি, বিস্কুট, চিপস, দুধ, জুস, কোল্ড ড্রিংক, চা কিংবা ফ্রুট ড্রিংক খায় এবং দাঁত পরিষ্কার না করে, তাহলে ধীরে ধীরে ক্যাভিটি শুরু হয়। প্রথমে দাঁতের ওপরে জমা হয় সুগার ও স্টার্চ, যা মুখে থাকা ব্যাকটেরিয়ার সঙ্গে মিশে অ্যাসিড তৈরি করে। এই অ্যাসিড দাঁতের এনামেল ধ্বংস করতে থাকে এবং একসময় দাঁতে গর্ত কিংবা 'ক্যাভিটি' তৈরি হয়, যা ব্যথার অন্যতম কারণ হয়ে দাঁড়ায়।

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুর জেলা হেজবুত তাওহীদের কমিটি ঘোষণা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে হেজবুত তাওহীদের নতুন জেলা কমিটি ঘোষণা করা হয়েছে। সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নিজাম উদ্দিনের ঘোষণায় সাহারুল ইসলামকে সভাপতি এবং জাহিদুল ইসলামকে সাধারণ সম্পাদক করে ২২ সদস্যের জেলা কমিটি গঠন করা হয়।
ঘোষিত কমিটির অন্যান্য নেতৃবৃন্দ হলেন , সাংগঠনিক সম্পাদক: তারিকুল ইসলাম, দপ্তর সম্পাদক: মারুফ আহমেদ, প্রচার সম্পাদক: সোহানুর রহমান, শিক্ষা ও প্রশিক্ষণ সম্পাদক: মারজুল হক, অর্থ সম্পাদক: আলমগীর হোসেন, সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক: মেহেদী হাসান রাহুল, নারী সম্পাদক: তানজিমা খাতুন রুনা, গণমাধ্যম ও যোগাযোগ সম্পাদক: মিনারুল ইসলাম, স্বাস্থ্য সম্পাদক: লাবনী

৩-এর পৃষ্ঠা দেখুন

## মসজিদে দানবাক্স ভাঙার সময় ধরা, গণপিটুনির পর পুলিশের হাতে সোপর্দ

মুজিবনগর প্রতিনিধি



মেহেরপুরের মুজিবনগরে কেদারগঞ্জ বাজার জামে মসজিদের দানবাক্স ভেঙে টাকা চুরির সময় সাগর (২৭) নামে এক যুবককে হাতেনাতে আটক করেছে এলাকাবাসী। বৃহস্পতিবার সকালে এই ঘটনাটি ঘটে। পরে গণপিটুনি দিয়ে তাকে পুলিশের হাতে সোপর্দ করা হয়। আটক সাগর মেহেরপুর সদর উপজেলার সুবিরপুর গ্রামের বাসিন্দা।
প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে মসজিদের তালা ভেঙে দানবাক্স থেকে টাকা চুরির চেষ্টা করছিল সাগর। এ সময় স্থানীয়দের সন্দেহ হলে তারা তাকে ধরে ফেলেন। এরপর উত্তেজিত জনতা তাকে গণধোলাই দিয়ে আটকে রাখে।
খবর পেয়ে মুজিবনগর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে সাগরকে উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। পরে তাকে থানায় নিয়ে যাওয়া হয় ।এ ঘটনায় মসজিদ কমিটি বা পুলিশের পক্ষ থেকে মামলা হয়েছে কি নাড় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।



## পূর্বাচল প্লট কেলেঙ্কারি: শেখ হাসিনা ও পরিবারের বিরুদ্ধে বিচার শুরু

নিজস্ব প্রতিবেদক

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার পুত্র তথ্য ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এবং কন্যা বিশ্ব স্বাস্থ্য সংস্থার মানসিক স্বাস্থ্য দূত সায়মা ওয়াজেদ পুতুলের বিরুদ্ধে পূর্বাচল আবাসন প্রকল্পে প্লট বরাদ্দে দুর্নীতির অভিযোগে আনুষ্ঠানিক বিচার শুরু হয়েছে। বৃহস্পতিবার (৩১ জুলাই) ঢাকার ৫ নম্বর বিশেষ জজ আদালতের বিচারক মো. আব্দুল আল মামুন মামলাগুলোর অভিযোগ গঠন করেন। একই সঙ্গে তাদের পলাতক দেখিয়ে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন আদালত। দুদকের দায়েরকৃত মামলার অভিযোগে বলা হয়, শেখ হাসিনা ও তার পরিবারের সদস্যরা ক্ষমতার অপব্যবহার করে রাজধানীর পূর্বাচলে ছয়টি প্লট অবৈধভাবে নিজেদের নামে বরাদ্দ নিয়েছেন। এতে রাষ্ট্রের স্বার্থ ক্ষুণ্ন হয়েছে এবং অন্য সাধারণ নাগরিকদের ন্যায্যতা লজ্জিত হয়েছে। উল্লেখ্য, ২০২৪ সালের

৩-এর পৃষ্ঠা দেখুন

## সনদ বাস্তবায়নের প্রধান দায়িত্ব রাজনৈতিক দলগুলোর: আলী রীয়াজ

নিজস্ব প্রতিবেদক

জাতীয় ঐকমত্য সনদ বাস্তবায়নের প্রধান এবং মৌলিক দায়িত্ব রাজনৈতিক দলগুলোর বলে মন্তব্য করেছেন জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ। বৃহস্পতিবার ফরেন সার্ভিস একাডেমিতে অনুষ্ঠিত রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় ধাপের সংলাপের ২৩তম দিনে সূচনা বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।
আলী রীয়াজ বলেন, "যেসব বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হয়েছেন, সেগুলো বাস্তবায়নের পথ তারাই তৈরি করতে পারবেন। কমিশন আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিকভাবে কেবলমাত্র অনুঘটকের ভূমিকা পালন করবে।" তিনি জানান, কমিশনের পক্ষ থেকে ছয়টি সুপারিশের সারাংশ অংশগ্রহণকারী দলগুলোর কাছে দেওয়া হয়েছে। প্রাথমিক আলোচনায় বহু বিষয়ে রাজনৈতিক ঐক্যমত অর্জিত হয়েছে, যার একটি তালিকা সংলাপে অংশগ্রহণকারীদের সরবরাহ করা হয়েছে। দ্বিতীয় ধাপের সংলাপ আজকেই শেষ করতে চায় উল্লেখ করে তিনি বলেন, "আজকের আলোচনায় বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আসতে পারে। যেসব দায়িত্ব রাজনৈতিক দলগুলো আমাদের ওপর অর্পণ করেছেন, সেগুলোর বিষয়ে কমিশনের সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হবে। কিছু অনালোচিত বিষয়েরও নিস্পত্তি আজই করতে চাই।" কমিশনের তথ্যমতে, এখন পর্যন্ত প্রায় ১৩টি বিষয়ে রাজনৈতিক ঐক্যমত প্রতিষ্ঠিত হয়েছে। কোথাও কোথাও ভিন্নমতের (নোট অব ডিসেন্ট) সুযোগ ছিল এবং তা এখনও রয়েছে। আলী রীয়াজ বলেন, আজকের আলোচনায়ও ভিন্নমতের সুযোগ থাকবে এবং সেগুলো রেকর্ড করা হবে। তিনি আরও বলেন, "সনদের টেক্সট নিয়ে ইতোমধ্যে দলগুলোর প্রস্তাব ও সংশোধন পেয়েছি। এসব প্রতিফলিত করে আমরা একটি চূড়ান্ত দলিল তৈরি করছি। এই সনদের দুটি দিকড় এক, পটভূমিসহ একমতের বিষয়সমূহ; দুই, ভবিষ্যতে আলোচনায়

৩-এর পৃষ্ঠা দেখুন



## নিষিদ্ধ হওয়ার ক্ষোভ এখনও যায়নি মেসির

সূর্যোদয় প্রতিবেদন

মেজর লিগ সকারের অল স্টার দলের হয়ে ম্যাচ না খেলায় মেসি ও তার ক্লাব সতীর্থ জর্দি আলবাকে এক ম্যাচের জন্য নিষিদ্ধ করা হয়েছিল সেই নিষিদ্ধ হওয়ার ক্ষোভ এখনও যায়নি মেসির । নিষিদ্ধ কাটিয়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## মোদিকে দায়িত্বজ্ঞানহীন বললেন প্রিয়াংকা

সূর্যোদয় প্রতিবেদন

পহেলগামে হামলার ঘটনা নিয়ে কয়েকটি প্রশ্ন ?তুলেছেন ভারতের কংগ্রেস সাংসদ প্রিয়াঙ্কা গান্ধী। অপারেশন সিঁদুর নিয়ে লোকসভায় বিশেষ বিতর্কে কংগ্রেস নেত্রী দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে দায়িত্বজ্ঞানহীন বলে সমালোচনা করেছেন। তোপ দেগেছেন দেশটির গোয়েন্দা সংস্থা ও স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের দিকে। বৈসারনের নিহতদের স্মরণে লম্বা সময় বক্তৃতা দেন কংগ্রেস এই নেত্রী। মোদিকে আক্রমণ করে তিনি বলেন, 'দেশের সেনার প্রতি গর্ব রয়েছে। তবে অপারেশন সিঁদুরের ক্রেডিট তো প্রধানমন্ত্রী

৩-এর পৃষ্ঠা দেখুন



## বাড়ল সালাউদ্দিনের চুক্তির মেয়াদ বেতন প্রায় ১০ লাখ

সূর্যোদয় প্রতিবেদন

উড়ো গুঞ্জন উড়িয়ে মোহাম্মদ সালাউদ্দিন থাকছেন বাংলাদেশ ক্রিকেটেই। হয়েছে চুক্তি নবায়ন, বেড়েছে মেয়াদও। লিটন-তাসকিনদের সাথে তিনি থাকছেন ২০২৭ বিশ্বকাপেও। নতুন চুক্তি

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি, ট্রাম্পের হুমকির মুখে কানাডা

সূর্যোদয় প্রতিবেদন

ফ্রান্স ও যুক্তরাজ্যের পর এবার ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার পরিকল্পনা করেছে কানাডা। দেশটির প্রধানমন্ত্রী মার্ক কার্নি জানিয়েছেন, সব কিছু ঠিকঠাক থাকলে আগামী সেপ্টেম্বরেই আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়া হবে ফিলিস্তিনকে। এই ঘোষণার পরপরই তীব্র প্রতিক্রিয়া জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, কানাডা যদি ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়,

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রযুক্তি

## স্মার্টফোন দীর্ঘদিন ভালো রাখতে যা করবেন

সূর্যোদয় প্রতিবেদন



বলা হয়, ইলেক্ট্রনিকস ডিভাইসের ভরসা নাই। উল্টো কথাও আছে কোনো কিছুর যত্ন নিলে, তা ভালো ফল দেবেই। তেমনি হাতের প্রিয় ফোনটাও। তবে নানা কারণে স্মার্টফোনে সমস্যা দেখা যায়। অবহেলার কারণে হাত থেকে পড়ে ভেঙে যায়, অসতর্ক থাকার কারণে পানি ঢুকে যায়। আরও কিছু আছে যা আমরা সহজে জানি না বা বুঝতে পারি না। কিন্তু কিছু কাজ আছে যা করলে আপনার প্রিয় ফোনটি দীর্ঘদিন চালাতে পারবেন। পোর্ট পরিষ্কার করুন : টুথপিক দিয়ে ধীরে ধীরে পোর্ট পরিষ্কার করুন। পাশাপাশি ফোনের স্পিকার ও মাইক্রোফোনে জমে থাকা ধুলাবালু একটি শুকনা ব্রাশের মাধ্যমে পরিষ্কার করে নিন। সব আপডেট ইনস্টল করুন : নিয়মিত সফটওয়্যার ও নিরাপত্তা আপডেট না করলে মোবাইল ফোনে ম্যালওয়্যার ঢুকে পড়তে পারে। এতে হ্যাকারদের নিরাপদ আশ্রয়স্থল হয়েও উঠতে পারে। তাই মোবাইল ফোন নিয়মিত আপডেট রাখুন। ভালো কাভার ব্যবহার করুন : মোবাইল ফোন কেনার সঙ্গে একটি ভালো মানের কভার ও স্ক্রিন প্রটেক্টর ব্যবহার করলে ফোনটি দুর্ঘটনাজনিত যেকোনো ধরনের ক্ষতি থেকে রক্ষা পাবে। পরবর্তীকালে বিক্রি করার সময় ফোনের ভালো

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

শর্মা ফুড প্লাজা
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,


ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## দুধ-জুসে কি শিশুর দাঁতে ক্যাভিটি হয়?

বিশেষজ্ঞরা আরও জানাচ্ছেন, যদি আপনার শিশুসন্তান মিষ্টি, দুধ কিংবা জুস পান করে এবং পরে দাঁত না মাজে, তাহলে দাঁতের মধ্যে পোকা বা ক্ষয় শুরু হতে পারে। শুধু দুধের দাঁত নয়, ছয় বছর বয়সে ওঠা স্থায়ী দাঁতও এর শিকার হতে পারে। তাই মিষ্টি খাওয়ানোর পর দাঁতের যত্ন নেওয়া অত্যন্ত জরুরি। কারণ এ সময়েই দাঁতের যত্ন শুরু করলে পরবর্তী জীবনে সমস্যার আশঙ্কা অনেকটাই কমে যায়। শুধু আপনার শিশু সন্তানই নয়, বড়রাও খাবার খাওয়ার পর যদি দাঁত পরিষ্কার না করেন, সকালে কিংবা রাতে ব্রাশ না করেন, তাহলে তারাও দাঁতের পচন ও ব্যথার শিকার হতে পারেন। ভবিষ্যতে এ সমস্যা আরও ভয়ানক রূপ নিতে পারে। তাই দাঁতের স্বাস্থ্যের জন্য শিশু ও বড়দের উচিতড় মিষ্টি খাবার ও পানীয় গ্রহণের পরপরই দাঁত ভালো করে পরিষ্কার করা এবং নিয়মিত ব্রাশ করা। মুখের স্বাস্থ্য ঠিক থাকলে শরীরের সামগ্রিক স্বাস্থ্যও ভালো থাকে।

## চাঁদাবাজির সময় কি ‘মেহেরপুর

জেলাপ্রশাসনের পক্ষ থেকে তদন্ত হওয়া উচিত। পাশাপাশি প্রেস অ্যান্ড পাবলিকেশনস অ্যাক্ট অনুযায়ী মেহেরপুর প্রতিদিনের আইনত প্রকাশনা ও সম্পাদনা অনুমোদনের বিষয়টিও পর্যালোচনা করে ব্যবস্থা নেওয়া জরুরি।

## মেহেরপুর জেলা হেজবুত তাওহীদের

আক্তার, শিল্প ও বাণিজ্য সম্পাদক: আব্দুল মতিন, কৃষি সম্পাদক: আব্দুস সালাম, প্রকাশনা সম্পাদক: রেকসানা খাতুন, ভূমি ব্যবস্থাপনা ও গৃহায়ন সম্পাদক: আবুল কালাম আজাদ, যোগাযোগ ও পরিবহন সম্পাদক: জিয়াউর রহমান, শ্রম ও কর্মসংস্থান সম্পাদক: আব্দুস সোবাহান, নির্বাহী সম্পাদক: হাসমত উল্লাহ।
সাধারণ সদস্য হিসেবে রয়েছেন: রবিউল ইসলাম, আব্দুস সামাদ, মোবারক হোসেন ও মাহবুব হোসেন স্বপন। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, নতুন নেতৃত্বে মেহেরপুর জেলায় হেজবুত তাওহীদের কার্যক্রম আরও গতিশীল ও জনমুখী হবে।

## পূর্বাচল প্লট কেলেঙ্কারি: শেখ হাসিনা

ডিসেম্বরে দুদক এ ঘটনায় অনুসন্ধান শুরু করে। পরে ২০২৫ সালের জানুয়ারিতে ৬টি পৃথক মামলায় শেখ হাসিনাসহ ২৮ জনকে আসামি করা হয়। চলতি বছরের ২৫ মার্চ আদালতে অভিযোগপত্র দাখিল করা হয়।
অন্য আসামিদের মধ্যে শেখ হাসিনার ছোট বোন শেখ রেহানা, তার ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিক ববি এবং কন্যা টিউলিপ সিদ্দিক ও আজমিনা সিদ্দিকও রয়েছেন। এপ্রিল মাসে আদালত তাদের বিরুদ্ধেও গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। এই মামলার পরিপ্রেক্ষিতে রাজনৈতিক অঙ্গনে নানা প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিরোধী দলগুলোর মতে, এটি দুর্নীতির বিরুদ্ধে একটি ‘প্রতীকী পদক্ষেপ’। তবে আওয়ামী লীগের পক্ষ থেকে এখনও আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

## আলী রীয়াজ

বসার প্রতিশ্রুতি।” আলী রীয়াজ আশাবাদ ব্যক্ত করেন, বৃহস্পতিবারের মধ্যেই আলোচনা সম্পন্ন করে ঐক্যমতের বিষয় ও ভিন্নমতের তালিকা প্রকাশ করে দলিলটি চূড়ান্ত করা সম্ভব হবে। তিনি বলেন, “সব দলের স্বাক্ষরের মাধ্যমে এই সনদকে চূড়ান্ত রূপ দেওয়াই আমাদের লক্ষ্য এবং সে লক্ষ্য পূরণে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।”
বৃহস্পতিবারের আলোচনার সূচিতে ছিল সরকারি কর্মকমিশন, দুর্নীতি দমন কমিশন, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এবং ন্যায়পাল নিয়োগ সম্পর্কিত বিধান, উচ্চকক্ষের গঠন ও সদস্য নির্বাচনের পদ্ধতি, রাষ্ট্রপতি নির্বাচন পদ্ধতি ও ক্ষমতা, তত্ত্বাবধায়ক সরকার বিষয়ক প্রস্তাব, নাগরিকের মৌলিক অধিকার সম্প্রসারণ এবং রাষ্ট্রের মূলনীতি। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার। উপস্থিত ছিলেন কমিশনের সদস্য সফর রাজ হোসেন, বিচারপতি এমদাদুল হক, বদিউল আলম মজুমদার, ইফতেখারুজ্জামান এবং আইয়ুব মিয়া।

## নিষিদ্ধ হওয়ার ক্ষোভ এখনও যায়নি

আবারও মাঠে ফিরেছেন লিওনেল মেসি। কিন্তু তার ভেতরের ক্ষোভের আগুন যেন এখনও নেভেনি। এক ম্যাচ নিষিদ্ধ হওয়ার ব্যাপারটি যেন মানতেই পারছেন না তিনি। লিগস কাপে নাটকীয় জয়ের পর মেসির প্রতিক্রিয়াতেও তা ফুটে উঠল বেশ ভালোভাবেই। এমএলএসের দীর্ঘদিনের নিয়ম অনুযায়ী, চোট না পেলে লিগ কর্তৃপক্ষের পূর্বানুমতি ছাড়া কেউ এই ম্যাচ থেকে সরে যেতে পারবেন না। নিষেধাজ্ঞার ফলে গত বুধবার এফসি সিনসিনাটির বিপক্ষে ম্যাচে খেলতে পারেননি মেসি ও আলবা। ম্যাচটি ড্র করে মায়ামি।
বাংলাদেশ সময় বৃহস্পতিবার সকালে লিগস কাপের ম্যাচ দিয়ে দুজনই মাঠে ফেরেন। নাটকীয়তায় ভরা ম্যাচে মেক্সিকোর ক্লাব আতলাস এফসিকে ২-১ গোলে হারায় মায়ামি। ম্যাচে গোল না পেলেও মায়ামির দুটি গোলই আসে মেসির পাস থেকে। ম্যাচের পর তিনি বললেন, আগের ম্যাচ খেলতে না পারায় এদিন তিনি মানিয়ে নিতে ধুঁকেছেন, বিশেষ করে প্রথমার্ধে। মেসি বলেন, সেদিন তারা আমাকে খেলতে দেয়নি এবং আজকে প্রথমার্ধে সেই ঘাটতি অনুভব করেছি। তবে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, শেষ পর্যন্ত আমরা জিতেছি। ইন্টার মায়ামির অধিনায়ক আরো বলেন, সত্যিটা হলো, এই গরমে আমার কাজটা কঠিন। বিশেষ করে, আগের ম্যাচে খেলতে না পারায়। যদিও বিশ্রামকে ভালো মনে হয়, তবে আমার জন্য এটা সবচেয়ে খারাপ। আমার জন্য লড়াই করা জরুরি। আমি যত ম্যাচ খেলি, ততই ভালো অনুভব করি এবং ছন্দে থাকি। টুর্নামেন্টটির প্রশংসা করে মেসি বলেন, আমাদের জন্য এটা দারুণ টুর্নামেন্ট, যেখানে আমরা সবসময় লড়াই করি। মেক্সিকান দলগুলির বিপক্ষে খেলতে পারাও আমাদের জন্য কঠিন পরীক্ষা। ফরম্যাট বদলে গেছে, কাজেই আমরা উপভোগ করতে পারি এবং খেলতে পারি। এটি দুর্দান্ত প্রতিযোগিতা এবং এই জয়টি মহাগুরুত্বপূর্ণ।

## স্মার্টফোন দীর্ঘদিন ভালো রাখতে যা

চেহারা দাম বাড়াতে সাহায্য করবে। অপ্রয়োজনীয় অ্যাপ ও ছবি বাদ দিন : মোবাইল ফোনে দীর্ঘদিন জমে থাকা পুরোনো অ্যাপ, ভিডিও, ছবিড়সবকিছুই ফোনের স্টোরেজ দখল করে রাখে। সে কারণে সেটি ক্রমেই ধীরগতির হয়ে যায়। ছবি ও ভিডিও ক্লাউডে ব্যাকআপ নিয়ে অপ্রয়োজনীয় ফাইল ডিলিট করুন।

## মোদিকে দায়িত্বজ্ঞানহীন বললেন প্রিয়াংকা

নিতে চান। শ্রেয় না নিয়ে দায়িত্বও নিতে হয়। দেশের ইতিহাসে এই প্রথমবার হল যে যুদ্ধ চলতে চলতে আচমকা বন্ধ হয়ে গেল। আমাদের দেশের প্রধানমন্ত্রী যে দায়িত্বজ্ঞানহীন। যুদ্ধ বন্ধের ঘোষণা করল যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট!’ সরকারের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে প্রিয়াঙ্কা গান্ধী বলেন, ‘প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের ভাষণ শুনতে শুনতে আমার একটা খটকা লাগছিল। আজও মনে হচ্ছিলড়তারা অপারেশন সিঁদুরের কথা বললেন, সন্ত্রাসবাদের কথা বললেন, দেশের নিরাপত্তার কথা বললেন, ইতিহাসের পাঠও দিলেন, কিন্তু একটি কথা কেউ বলনেন না! ওই দিন ২২ এপ্রিল, ২৬ জনকে তাদের পরিবারের সামনে প্রকাশ্যে হত্যা করা হল। এই হামলা কেন হল? কীভাবে হল?’ গোয়েন্দাদের ব্যর্থতার বিষয়টি সামনে টেনে কংগ্রেস নেত্রী বলেন, ‘ওই জঙ্গিরা আগেও হামলা চালিয়েছে। সেনা ও পুলিশ অফিসারকে মেরেছে। তাহলে সরকার তাদের উপর নজরদারি কেন রাখছিল না? আমাদের দেশের যে গোয়েন্দা সংস্থাগুলো আছে সেগুলো কী করছিল?’ এসময় অমিত শাহকে লক্ষ্য করে তিনি বলেন, ‘এই গোয়েন্দা সংস্থাগুলোর প্রধান অমিত শাহ। তার তো ঘটনায় দায় নিয়ে পদত্যাগ দেওয়ার কথা। দিলেন না তো? এমনকি দায়ভারও নিলেন না।’

## বাড়ল সালাউদ্দিনের চুক্তির মেয়াদ

অনুযায়ী, বেতন প্রায় ১০ লাখে পৌঁছেছে। গত বছরের শেষ দিকে স্বল্প মেয়াদে বিসিবি’র সাথে চুক্তিবদ্ধ হয়েছিলেন সালাউদ্দিন। সহকারী কোচ হিসেবে ছিলেন জাতীয় ক্রিকেট দলের সাথে। তবে এবার পূর্ণ মেয়াদে দায়িত্ব পেলেন তিনি। ২০২৪ সাল আরব আমিরাত সফর দিয়ে কাজ শুরু করেন সালাউদ্দিন। প্রাথমিক চুক্তি ছিল চলতি বছরের ১৫ মার্চ পর্যন্ত। তবে গত ৩০ জুন বোর্ড মিটিংয়ে নতুন চুক্তি কার্যকর করে পরিচালনা পর্ষদ। নতুন চুক্তিতে ২০২৭ সালের নভেম্বর পর্যন্ত বাংলাদেশ জাতীয় দলের ডাগআউটে থাকছেন সালাউদ্দিন। তার অধীনেই ২০২৭ বিশ্বকাপে খেলবেন তাসকিন-লিটনরা। নতুন চুক্তিতে বেতনও বেড়েছে সালাউদ্দিনের। আগের চুক্তিতে প্রায় আট লাখ টাকা বেতন পেলেও এখন তা প্রায় ১০ লাখে পৌঁছেছে (৯ লাখ ৬১ হাজার টাকা)। সাথে অন্যান্য সুযোগ-সুবিধাও পাবেন তিনি। নতুন চুক্তিতে বছরে সর্বোচ্চ ছুটি ধরা হয়েছে ৪০ দিন। তবে ৩০ দিনের নোটিশে চাকরিচ্যুত করার বিধানও রাখা হয়েছে। এর আগে, গত শ্রীলঙ্কা সফর চলাকালীন সময়ে হঠাৎ নেতিবাচকভাবে আলোচনায় আসেন সালাউদ্দিন। খবরে আসে, দলের ভেতর নাকি তাকে নিয়ে অনেক অসন্তোষ। আসে পক্ষপাতিত্বের মতো গুরুতর অভিযোগ। তবে সব অস্বীকার করেন সালাউদ্দিন। সমালোচকদের কড়া জবাব দেন তিনি। এর মাঝেই এবার বাড়লো তার চুক্তির মেয়াদ।

## ফিলিস্তিনকে রাষ্ট্রের স্বীকৃতি, ট্রাম্পের

তাহলে ওয়াশিংটনের পক্ষে কানাডার সঙ্গে বাণিজ্য চুক্তি করা “খুব কঠিন” হয়ে যাবে। ঘটনার প্রায় ১২ ঘণ্টা পর ট্রাম্প তার নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশালে এক পোস্টে লিখেছেন, “ওয়াও! কানাডা এখনই ঘোষণা করেছে যে তারা ফিলিস্তিন রাষ্ট্রকে সমর্থন দিচ্ছে। এটা আমাদের পক্ষে তাদের সঙ্গে বাণিজ্য চুক্তি করা খুব কঠিন করে তুলবে। ওহ্ কানাডা!!!” বিশ্লেষকদের মতে, ট্রাম্পের এই প্রতিক্রিয়া কেবল রাজনৈতিক নয়, এতে অর্থনৈতিক চাপ তৈরির কৌশলও রয়েছে। ট্রাম্প প্রশাসন ইতোমধ্যে ‘লিবারেশন ডে’ নামে একটি নতুন শুল্ক নীতি কার্যকরের পথে রয়েছে। এই নীতির আওতায় যেসব দেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের আনুষ্ঠানিক বাণিজ্য চুক্তি নেই, তাদের রপ্তানি পণ্যের ওপর ৩৫ শতাংশ পর্যন্ত শুল্ক আরোপের ঘোষণা দেওয়া হয়েছে। যদি আগামী ১ আগস্টের মধ্যে চুক্তি না হয়, তবে কানাডার বেশিরভাগ পণ্যের ওপরই যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে এই উচ্চ শুল্ক কার্যকর হবে। ইতোমধ্যে যুক্তরাজ্য, দক্ষিণ কোরিয়া, জাপান এবং ইউরোপীয় ইউনিয়ন যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য চুক্তি সম্পন্ন করেছে। তবে চীন, মেক্সিকো এবং কানাডা এখনও আলোচনার পর্যায়ে রয়েছে। এই প্রেক্ষাপটে কানাডার ফিলিস্তিন স্বীকৃতির ঘোষণা ট্রাম্প প্রশাসনের কাছে চুক্তির পথে একটি বাধা হিসেবেই দেখা হচ্ছে। কানাডার এই সিদ্ধান্ত এমন সময় এসেছে, যখন মধ্যপ্রাচ্যে বিশেষ করে গাজা উপত্যকায় মানবিক সংকট মারাত্মক আকার ধারণ করেছে। হামাস-নিয়ন্ত্রিত গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, অপুষ্টিতে আরও সাতজনের মৃত্যু হয়েছে। আন্তর্জাতিক সাহায্য সংস্থাগুলোর মতে, দীর্ঘদিনের অবরোধ, বিমান হামলা ও সরবরাহ ব্যবস্থার ভেঙে পড়ার কারণে সাধারণ মানুষ মারাত্মক দুর্ভোগে পড়েছে। এই পরিস্থিতিতে ট্রাম্প বলেন, “গাজায় মানুষ সত্যিকারের অনাহারে ভুগছে। আমি ইসরায়েলের সঙ্গে মিলে সব কিছু ঠিক করার জন্য কাজ করছি।” গাজা সংকট ও ফিলিস্তিন রাষ্ট্র স্বীকৃতি ইস্যুতে উত্তেজনা বাড়তে থাকায় ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে নতুন কূটনৈতিক উদ্যোগ নেওয়া হয়েছে। মধ্যপ্রাচ্যবিষয়ক মার্কিন দূত স্টিভ উইটকফ বর্তমানে তেলআবিবে অবস্থান করছেন এবং আজ তিনি ইসরায়েলি কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসবেন বলে হোয়াইট হাউস সূত্রে জানা গেছে। ফ্রান্স ও যুক্তরাজ্যের মতো প্রভাবশালী ইউরোপীয় দেশ ইতোমধ্যেই ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ঘোষণা দিয়েছে।

# চব্বিশের ১ আগস্টে প্রতিবাদের ভয়াবহ অভিজ্ঞতা জানালেন বাঁধন

বিনোদন প্রতিবেদক

জুলাই বিপ্লবে সোচ্চার ছিলেন অভিনেত্রী আজমেরী হক বাঁধন। বৃষ্টিতে ভিজে গত বছর ১ আগস্ট রাজধানীর ফার্মগেটে দৃশ্যমাধ্যমের শিল্পীদের সমাবেশে অংশগ্রহণের সেই অভিজ্ঞতা তিনি লিখেছেন ফেসবুকে। তবে এই নিয়ে সরাসরি কোনো কথা বলেননি এই অভিনেত্রী।
বাঁধন বৃহস্পতিবার সকাল ফেসবুকে লিখেছেন, ‘রাত থেকেই মানসিকভাবে আমি অতিরিক্ত চাপে ছিলাম। তবে একধরনের উত্তেজনাও বোধ করছিলাম, যে কারণে হয়তো সারা রাত ঘুমাতে পারিনি। ভোরে বিছানা থেকে উঠি। স্নিকার্স পায়ে দিই। কারণ, আমি জানতাম না আমার জীবনে আজ কি ঘটতে যাচ্ছে।’
গেল বছরের ১ আগস্টের অভিজ্ঞতা প্রসঙ্গে বাঁধন ফেসবুকে লেখেন, ‘আমার একমাত্র মেয়ে সেদিন মা-বাবার সঙ্গে ছিল। তারা তিনজনই জানত না আমি কোথায় যাচ্ছি। আমি তাদের এতটুকুই বলেছিলাম, কিছু মিডিয়ার বন্ধু মিলে একটা ইভেন্টে যাচ্ছি। তারপরেই শঙ্কা নিয়ে বাসা থেকে বের হই। দৃশ্যমাধ্যমের এই আন্দোলন জোরালো করতে আগে থেকেই ব্যানার, পোস্টারসহ যাবতীয় কিছু প্রস্তুত ছিল। বাসা থেকে বের হয়েই আমি চলে যাই নিকেতন। সেখান থেকে ব্যানার, প্ল্যাকার্ড, মাইক ঝুঁকি নিয়ে গাড়িতে নিয়ে নেই। তখন কারফিউ ছিল।




**জনতা ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, বিএডিসি'র সামনে, মেহেরপুর
সিরিয়াল : ০১৩১৮-৯৮৬১১১, পরিচালক: ০১৭৯৫-৮৭৬৫৮৫, ০১৭১১-৩৫১১১৪
ডাঃ ফারহানা ফেরদৌসী
নবজাতক, শিশু, কিশোর ও কিশোরী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত।
ডাঃ মোঃ মাহমুদুর রহমান (শিমুল)
রক্তনালী (শিরা), হৃদরোগ, বক্ষব্যাধি, জেনারেল সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে বিকাল ৫টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোছাঃ সাদিয়া আফরিন (সোমা)
স্ত্রী, প্রসূতি ও বন্ধ্যাত্ব রোগ চিকিৎসক সার্জন
রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ৩ টা থেকে বিকাল ৬টা পর্যন্ত (শুক্রবার বাদে)।
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
চর্ম, যৌন ও এলার্জি রোগ বিশেষজ্ঞ
রোগী দেখার সময় প্রতি মঙ্গলবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

**রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার**
জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর
সিরিয়াল : ০১৭৯২-১০৭৯৫০, ০১৭১৪-৮০৮৬১১
ডাঃ ফাতেমা জান্নাত
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা, পিজিটি (শিশু), মেডিসিন ও গাইনী
মেডিকেল অফিসার, রাজশাহী ডায়াগনস্ট্রিক সেন্টার, মেহেরপুর।
রোগী দেখেন : প্রতিদিন সকাল ৯ টা থেকে দুপুর ২টা ও বিকাল ৪ টা থেকে রাত ৮ টা।
ডা রবিউল ইসলাম আবির
এমবিবিএস (ঢাকা) সিএমমইউ আল্ট্রা
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিকেল অফিসার মেহেরপুর জেনারেল হাসপাতাল
রোগী দেখেন : প্রতিদিন দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ আকতার উজ্জামান
এমবিবিএস, ডিএমসি, ডিএমইউ( আল্টা)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ - দুপুর ১ টা ও বিকাল ৪টা- সন্ধ্যা ৭ টা।

**মাইক্রোপ্যাথ ল্যাব**
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল রোড, মেহেরপুর।
মোবাইল: ০১৭২৬-৪০৫৩০৪, সিরিয়াল: ০১৭৮৮-২২১৩০৫
ডাঃ সোনিয়া আহমেদ
গাইনী ও প্রসুতি বিশেষজ্ঞ ও সার্জন
ডাঃ মোঃ শাহিদুল ইসলাম (শাহিদ)
মেডিসিন, হৃদরোগ (হার্ট), বাতজ্বর ও ডায়াবেটিস বিশেষজ্ঞ
ডাঃ মোঃ মাহবুবুর রহমান
মেডিসিন ও ক্রিটিক্যাল কেয়ার বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতি শনি থেকে বৃহস্পতিবার দুপুর ২:৩০ - বিকাল ৫:৩০ পর্যন্ত।
ডাঃ শাহারিয়া শায়লা
গাইনী, প্রসুতি, স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও সার্জন

**কাফুর ড্রিংকিং ওয়াটার**
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম
হোটেল বাজার, যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
✅ RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
✅ স্বাস্থ্যসম্মত বোতল
✅ দ্রুত সরবরাহ
📌 আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন: ০১৯২৩-১২১২৯১, ০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪

**করবি ক্লিনিক এন্ড ডায়াগনষ্টিক সেন্টার**
সততা সুপার মার্কেট ( হাজি ইছার উদ্দিনের মার্কেট)
বামুন্দি বাজার, গাংনী, মেহেরপুর। সিরিয়াল : ০১৭০৮-১৩১৮১৩
ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান
নিউরো মেডিসিন ও উচ্চ রক্ত চাপ ডায়াবেটিস,স্ট্রোক প্যারালাইসিস রোগের চিকিৎসা।
রুগী দেখেন: প্রতি বুধবার দুপুর ২ টা থেকে রাত ৮ টা।
ডাঃ ইশরাত জেরিন (ইভা)
বন্ধ্যাত্ব, ঋতু স্রাব, অনিয়মিত মাসিক, গর্ভবতি মা ও শিশু, স্ত্রী ও প্রসুতি রোগে অভিজ্ঞ
রুগী দেখেন: প্রতি সোমবার দুপুর ২:০০ টা থেকে রাত ৮ পা পর্যন্ত

**রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল**
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ০১৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন
ডাঃ বি ডি দাস (পিকলু)
এম. বি. বি. এ. বি. সি. এস (স্বাস্থ্য), সি. এস. ইউ (আল্ট্রাসনো )
বাত ব্যাথ্যা, শিরা ও সার্জারী রোগের চিকিৎসক।
রোগী দেখার সময় : প্রতিদিন বেলা ২ টা হতে সন্ধ্যা ৭ টা।
ডা. মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজ) বিসিএস স্বাস্থ্য,এফসিপিএস(শিশু) শেষ পর্ব, এমএস শিশু. সার্জরী কোর্স বিএসএমএম ইউ, সিসিডি বার্ডেম, পিজিপিএন, শিশু পুস্টি ( বোস্টান ইউনিভূরসিটি আমেরিকা)
রোগী দেখার সময় : প্রতি বৃহস্পতিবার দুপুর ৩টা থেকে সন্ধ্যা ৬ টা
ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস্) , সি. এম. ইউ (আল্ট্রা)
গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখার সময় : প্রতিদিন সকাল ১০ টা হতে বিকাল ৫ টা।
পুস্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএচি(নিউট্রিশন).এমপি এইচ(নিউট্রিশন), সিএমইউ এন্ড ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লমা ইন মেডিকেল ফ্যাকালটি, পুষ্টি বিশেষজ্ঞ
আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয়

**মুক্তি ডায়াগনস্টিক সেন্টার**
গাংনী মহিলা ডিগ্রী কলেজ রোড, গাংনী, মেহেরপুর।
সিরিয়াল ০১৯১৪-২৬০৭২০, ০১৩২২-৪৭১৪৪৮
ডা: মো: মাহবুবুর রহমান
মেডিসিন, ডায়াবেটিস, এ্যাজমা, উচ্চ রক্তচাপ ও হৃদরোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ৮টা থেকে বিকাল ৫টা পর্যন্ত
ডা: আলাউদ্দিন- আল আজাদ
হাড় জোড়া, বাত ব্যথা, ঘাড় ব্যথা, মাজা ব্যথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি সোমবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত
ডাঃ শিমু সাহিদা শাপলা
গাইনী,প্রসূতি ও স্ত্রী রোগবিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতিদিন সকাল ১০ টা থেকে২ টা পযন্ত।
ডা: এস.এম. মঞ্জুরুল আলম
হাড় জোড়া, বাত ব্যথা, ঘাড় ব্যথা, শিরা রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত

**মেসার্স রুশি ফার্মেসী**
প্রোপাইটার মোঃ রিনু
এখানে সকল প্রকার দেশি-বিদেশি ঔষধ সুলভ মূল্যে বিক্রিকরা হয়।
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল গেট মেহেরপুর
মোবাইল: ০১৭১১-৩১২২৩৫, ইমেইল:rinu000974@gmail.com

**বিসমিল্লাহ্ ফামেসী**
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু
সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

**ত্রয়ী স্টোর এন্ড বুটিকস**
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি– ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

**আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার**
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ।
ডাঃ সাজিয়া আফরিন(সিমি)
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন।
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষতও পি আর পিচিকিৎসা দেওয়া হয়
রোগী দেখার সময়: শনি-বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত
ডাঃ আসাদুল্লাহ-আল-গালিব
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথাবিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ
রোগী দেখার সময়: প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত

**মোল্লা ডায়াগনষ্টিক এন্ড কনসালটেশন সেন্টার**
হাসপাতাল বাজার (পোস্ট অফিসের পশ্চিমে) গাংনী, মেহেরপুর।
সিরিয়ালের জন্য: ০১৭৯৮-০১০৭০৭
ডাঃ মোঃ মশিউর রহমান মোল্লা
ডাঃ মোঃ আলী হায়দার
ডাঃ মোঃ আফজালুর রহমান সিদ্দিকী (মুকুল)
ডাঃ মোঃ সেলিম উদ্দীন
ডাঃ মোঃ ফারুক হোসেন

**নিউ স্কায়ার ল্যাব**
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডা: সেজুঁতি মেহেতোজ
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
এমবিবিএস(রাজশাহী),বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ১ আগষ্ট ২০২৫ ইং

## নিরাপদ খাদ্য নিশ্চিত করতে আরও কঠোর হতে হবে

সম্প্রতি মেহেরপুর শহরের নিউ বোম্বে বেকারি অ্যান্ড সুইটস-এ মেয়াদোত্তীর্ণ ও নিম্নমানের খাদ্যপণ্য বিক্রির অভিযোগে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর কর্তৃক ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনীর মেহেরপুর ক্যাম্পের তথ্যের ভিত্তিতে পরিচালিত এই অভিযানে দেখা যায়, প্রতিষ্ঠানটি বাজারে দীর্ঘদিন ধরে এমন পণ্য সরবরাহ করে আসছিল, যেগুলোর মান নিয়ন্ত্রণে ঘাটতি রয়েছে। কিছু পণ্যের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছিল, আবার অনেক খাদ্যদ্রব্যে উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ স্পষ্টভাবে উল্লেখ ছিল নাড়্যা সরাসরি জনস্বাস্থ্যের জন্য হুমকিস্বরূপ। এমন অনিয়ম নিঃসন্দেহে উদ্বেগজনক। খাদ্যপণ্যের ক্ষেত্রে মান নিয়ন্ত্রণ এবং স্বচ্ছতার অভাব মানুষের মৌলিক অধিকারড়্নিরাপদ খাদ্য গ্রহণড়্লঙ্ঘন করে। বিশেষ করে যেসব খাদ্যদ্রব্য শিশুসহ সকল শ্রেণির মানুষ নিয়মিত গ্রহণ করে, সেগুলোর গুণগতমান ও মেয়াদ নিশ্চিত করা অত্যন্ত জরুরি। এ ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থার পাশাপাশি সামাজিক সচেতনতা বাড়ানোও জরুরি। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৭, ৪৩ ও ৫১ ধারায় নেওয়া পদক্ষেপ প্রশংসনীয় হলেও প্রশ্ন থেকে যায়, এই ধরনের অপরাধ বারবার ঘটছে কেন? প্রশাসনের নজরদারিতে ফাঁক, নাকি আইনের প্রয়োগে শিথিলতা? শুধু জরিমানা করে দায়িত্ব শেষ করা উচিত নয়; অপরাধের ধরন বিবেচনায় বড় অঙ্কের জরিমানা, লাইসেন্স স্থগিতকরণ বা বাতিলের মতো কঠোর পদক্ষেপও বিবেচনায় নেওয়া উচিত। নিরাপদ খাদ্য নিশ্চিত করতে সরকারের প্রতিটি সংশ্লিষ্ট সংস্থাকে আরও সক্রিয় এবং সমন্বিতভাবে কাজ করতে হবে। একই সঙ্গে, ভোক্তারাও সচেতন হলে এবং অনিয়ম দেখলেই অভিযোগ করলে এ ধরনের অপরাধ কমিয়ে আনা সম্ভব। মনে রাখতে হবে, জনগণের স্বাস্থ্যরক্ষায় কোনো আপসের সুযোগ নেই।

## গাংনীতে উদ্ভাবিত দুম্বা-গাড়ল সংকর

করেন। দুম্বা ও স্ত্রী গাড়ল একই পালে পালন করতে শুরু করেন। কিছুদিনের মধ্যেই গর্ভধারণ এবং প্রজননের মাধ্যমে জন্ম নেয় নতুন প্রজাতির একটি বাচ্চা। আশ্চর্যজনকভাবে মাত্র তিন মাসেই প্রতিটি বাচ্চার ওজন দাঁড়ায় ৩০ থেকে ৪০ কেজিতে। আকৃতিতে দুম্বার মতো এবং বৃদ্ধির হারও দ্রুত হওয়ায় নতুন জাতটি দেখতে যেমন আকর্ষণীয়, তেমনি অর্থনৈতিকভাবেও লাভজনক। প্রথম পরীক্ষায় সফল হয়ে তিনি প্রজনন কার্যক্রম জোরদার করেন। বর্তমানে তার খামারে রয়েছে প্রায় ৮০টি নারী গাড়ল এবং বেশ কয়েকটি দুম্বা। দুম্বা থেকে পাওয়া পুরুষ জাতের দুম্বা দিয়ে চালাচ্ছেন নিয়মিত সংকরায়ণ কার্যক্রম। গেল এক বছরে তিনি প্রায় ৮০টি সংকর জাতের বাচ্চা উৎপাদন করে বিক্রি করেছেন ভালো দামে। তিনি জানান, "একটি সাধারণ গাড়লের ছয় মাস বয়সী বাচ্চার ওজন হয় ১২-১৫ কেজি। অথচ আমার সংকর বাচ্চাগুলো ছয় মাসেই ৩৫-৪০ কেজি পর্যন্ত হয়ে যাচ্ছে। শুধু তাই নয়, বৃষ্টিতে ভিজলেও সহজে অসুস্থ হচ্ছে না। জলাবদ্ধ এলাকাতেও এরা সহজে টিকে থাকতে পারছে।"

এই ব্যতিক্রমী উদ্যোগের বিষয়ে গাংনী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মোস্তাফিজ আলী বলেন, "মাঠ পর্যায়ে আমরা দেখছি এই সংকর ভেড়াগুলোর মাংস উৎপাদন ক্ষমতা অনেক বেশি। যদিও এখনো সরকারিভাবে এ নিয়ে কোনো গবেষণা শুরু হয়নি বা জাতীয় নীতিমালা তৈরি হয়নি, তবু আমরা খামারিদের নিরুৎসাহিত করছি না।" জেলার পশুপালন সংশ্লিষ্টরা বলছেন, যদি এই সংকরায়ণ দীর্ঘস্থায়ী ও টেকসই প্রমাণিত হয়, তবে এটি দেশের মাংস উৎপাদনে এক বৈপ্লবিক পরিবর্তন আনতে পারে। তবে এর জন্য প্রয়োজন গবেষণা, সরকারিভাবে জাত হিসেবে স্বীকৃতি, প্রশিক্ষণ এবং পৃষ্ঠপোষকতা। উল্লেখযোগ্য বিষয় হলো, প্রায় দুই দশক আগে দেশি ভেড়ার সঙ্গে কাশ্মীরি জাতের সংকরায়ণে তৈরি হয় 'গাড়ল' নামক জাত, যা বাংলাদেশে স্বীকৃতি পেয়েছে। তেমনি গাংনীর এই সংকর দুম্বা-গাড়ল জাতও আগামীতে স্বীকৃতি পেতে পারে দেশের মাংস উৎপাদন খাতের ভবিষ্যৎ পরিবর্তনের রূপকার হিসেবে।

## মেহেরপুর থেকে রাজনৈতিক

যারা আজ ভালো ভালো কথা বলে ঘুরছে, তাদের শেকড় রাওয়ালপিন্ডিতে। দীর্ঘ ১৭ বছর ধরে আমরা অধিকার থেকে বঞ্চিত ছিলাম। অবশেষে আমরা সেই অধিকার ফিরে পেয়েছি।" ৫ ও ৬ আগস্টের কর্মসূচি নিয়ে তিনি বলেন, "কলেজ মাঠ থেকে বিকেল ৪টায় একটি আনন্দ মিছিল বের করা হবে। অংশগ্রহণকারীরা ঢাক-ঢোলসহ স্বতঃস্ফূর্তভাবে অংশ নেবেন, তবে শৃঙ্খলা বজায় রাখতে হবে। বিএনপি একটি সুশৃঙ্খল রাজনৈতিক দল। আমরা প্রমাণ করেছি মেহেরপুরে বিএনপির বাইরে কোনো সংগঠনের অস্তিত্ব নেই।" কামরুল হাসান আশঙ্কা প্রকাশ করে বলেন, "৫ আগস্ট ফ্যাসিস্টরা একটি অঘটন ঘটাতে পারে। তাই আইনশৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকার আহ্বান জানাই। কেউ বিশৃঙ্খলার চেষ্টা করলে তাদের আইনশৃঙ্খলা বাহিনীর হাতে তুলে দেবার জন্য নেতা কর্মীদের আহবান জানান।" সভায় শহিদদের আত্মার মাগফিরাত ও আহতদের সুচিকিৎসার দাবিও জানানো হয়। বিশেষ করে আন্দোলনে চোখ হারানো, হাত-পা হারানো আহতদের চিকিৎসায় সরকারি সহায়তার আহ্বান জানানো হয়। সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, সদস্য ইলিয়াস হোসেন, আলমগীর খান ছাতু, আনছার উল হক, রোমানা আহমেদ, মীর ফারুক, খাইরুল বাশার, ওমর ফারুক লিটন ও সাবেক পিপি আবু সালেহ মো. নাসিম। সভা সঞ্চালনা করেন জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন এবং জেলা যুবদলের আইনবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা। সভায় আরও উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু, জেলা ছাত্রদলের সদস্য সচিব বাকা বিল্লাহ, ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহমুদ সানি, মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলীসহ বিএনপি ও অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী।

## মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের

হয়েছে। নবগঠিত কমিটিতে আহ্বায়ক হিসেবে দায়িত্ব পেয়েছেন বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা। যুগ্ম আহ্বায়ক হিসেবে আছেন বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম মল্লিক এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন বীর মুক্তিযোদ্ধা রায়হানুল কবীর। কমিটির অন্যান্য সদস্যরা হলেন বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, কামাল উদ্দীন, আঃ রশিদ, মোজাম্মেল হক, ছবেদার আলী, মাহাবুল হক, গুরুদাস হালদার ও আমিন উদ্দিন হালদার। এতদিন কমিটির অনুমোদনের বিষয়টি কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের এক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়। বিজ্ঞপ্তিতে কমিটির আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা নঈম জাহাঙ্গীর ও সদস্য সচিব বীর মুক্তিযোদ্ধা সাদেক আহমেদ খান স্বাক্ষর করেন। সূত্র জানায়, জেলা ইউনিটের পূর্বের কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নতুন করে এ কমিটি গঠন করা হয়েছে। মুক্তিযোদ্ধাদের অধিকার রক্ষা, কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা এবং সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল করাই এই কমিটির উদ্দেশ্য। মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা সংসদের নতুন নেতৃত্বের প্রতি মুক্তিযোদ্ধা ও সাধারণ মানুষের দৃষ্টি এখন নিবদ্ধ। নতুন কমিটির কাছে প্রত্যাশাড়্তারা মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দিতে ও মুক্তিযোদ্ধাদের ন্যায্য অধিকার নিশ্চিত করতে বলিষ্ঠ ভূমিকা রাখবে।

## অবসরপ্রাপ্ত শিক্ষকের স্মরণীয় বিদায়

শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা তাদের জন্য এই আয়োজন করেন। উপজেলা নির্বাহী অফিসার ও বিদ্যালয়ের সভাপতি মো. দেলোয়ার হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম, প্রধান শিক্ষক মকবুল হোসেন তোতা, সিনিয়র শিক্ষক রুহুল আমিনসহ অন্যান্য শিক্ষকবৃন্দ বক্তব্য রাখেন। প্রধান শিক্ষক মকবুল হোসেন তোতা বলেন, "চাকুরি জীবনের অবসরের দিন প্রত্যেকের জন্যই কষ্টের, কিন্তু সেটাকে স্মরণীয় করে রাখাটাও জরুরি। তাই আমরা ইংরেজি শিক্ষক আজিবার রহমান ও অফিস সহায়ক মশিয়ার রহমানকে ঘোড়ার গাড়িতে চড়ে বিদায় দিয়ে তাদের প্রতি সম্মান প্রদর্শন করেছি।" বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত থেকে এই আয়োজনকে আনন্দময় ও স্মরণীয় করে তুলেছেন।

## চার আসামির কারাদণ্ড

অপর আসামি মোঃ আলফাজ আহমেদ সাগর-এর বিচার প্রক্রিয়া এখনও চলমান রয়েছে। তদন্তকারী কর্মকর্তারা যথাযথভাবে অভিযোগপত্র দাখিল করেন এবং মামলার শুনানিতে সাক্ষীদের সাক্ষ্য ও উপস্থাপিত আলামতের ভিত্তিতে আদালত এসব রায় প্রদান করেন। রায় ঘোষণার পরপরই চার আসামিকে আদালত প্রাঙ্গণ থেকেই জেলহাজতে পাঠানো হয়েছে।

## গাংনীতে বাড়ি নির্মাণবিষয়ক কর্মশালা

সমিতির ডেপুটি ডাইরেক্টর কামরুল ইসলাম এবং সিএসবিডি-র ডেপুটি সেলস ম্যানেজার কাওসার আহমেদ। কর্মশালায় বাড়ির মালিক, স্পেশাল চিনাই সিমেন্ট ব্যবহারকারী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশ নেন। আলোচনায় গুণগতমানসম্পন্ন নির্মাণসামগ্রী ব্যবহারের উপকারিতা, নির্মাণকালীন নিরাপত্তা এবং টেকসই ভবন নির্মাণে করণীয় বিষয় তুলে ধরা হয়।

# ভবিষ্যৎ রক্ষায় তামাকমুক্ত বাংলাদেশ জরুরি

রাব্বি আহম্মেদ



বাংলাদেশে তামাক ব্যবহারের ভয়াবহতা আজ আর অজানা নয়। স্বাস্থ্য, অর্থনীতি এবং পরিবেশ তিন ক্ষেত্রেই এর নেতিবাচক প্রভাব স্পষ্ট ও ক্রমবর্ধমান। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী, প্রতিবছর বিশ্বে প্রায় ৮০ লাখ মানুষ তামাকজনিত রোগে মৃত্যুবরণ করে, যার মধ্যে প্রায় ১৩ লাখই পরোক্ষ ধূমপানের শিকার। বাংলাদেশের প্রাপ্তবয়স্কদের মধ্যে এক-তৃতীয়াংশ তামাক ব্যবহার করেন। উদ্বেগজনকভাবে, তরুণ শিক্ষার্থীদের মধ্যেও তামাক সেবনের হার আশঙ্কাজনক হারে বাড়ছে। তামাক শুধু ব্যক্তি নয়, পরিবার ও রাষ্ট্রের জন্যও অর্থনৈতিক বোঝা হয়ে দাঁড়িয়েছে। ২০২২ সালের হিসাবে, তামাকজনিত ক্ষতির আর্থিক পরিমাণ বছরে প্রায় ৪২ হাজার কোটি টাকা, যা স্বাস্থ্যব্যয়, কর্মক্ষমতা হ্রাস এবং পারিবারিক আর্থিক সংকটের মাধ্যমে পরোক্ষভাবে সমাজে ছড়িয়ে পড়ছে। তামাক চাষ পরিবেশের ওপরও বড় ধরনের চাপ সৃষ্টি করছে। ধানের তুলনায় তামাক চাষে পাঁচগুণ বেশি পানি প্রয়োজন হয়। এর ফলে পানির সংকট, মাটি ও জলদূষণ, বন উজাড় এবং জীববৈচিত্র্য ধ্বংসের মতো পরিবেশগত বিপর্যয় দেখা দিচ্ছে। এছাড়া, তামাকচাষিদের স্বাস্থ্যঝুঁকিও কম নয়। তামাক গাছ থেকে নির্গত নিকোটিন ত্বকের মাধ্যমে শোষিত হয়ে তারা নানা রোগে আক্রান্ত হচ্ছেন। আরও ভয়ংকর বাস্তবতা হলো শিশু শ্রমের ব্যবহার। আন্তর্জাতিক সংস্থার তথ্যমতে, বাংলাদেশের প্রায় ৭ শতাংশ শিশু তামাক শিল্পে যুক্ত, যা একদিকে শিশুর অধিকার লঙ্ঘন করে, অন্যদিকে জাতির ভবিষ্যতের জন্যও হুমকি তৈরি করে। তামাক কোম্পানিগুলো তরুণদের টার্গেট করে নানা কৌশলে বাজার সম্প্রসারণ করছে। স্কুল-কলেজের আশপাশে খোলামেলা তামাকপণ্যের বিক্রি, আকর্ষণীয় ফ্লেভারযুক্ত ই-সিগারেট এবং সামাজিক মাধ্যমে প্রভাবশালীদের মাধ্যমে প্রচারড়্সবই তরুণদের মধ্যে তামাক সেবনের প্রবণতা বাড়িয়ে তুলছে। অবশ্যই আমাদের আইন রয়েছে, তবে এর প্রয়োগে জটিলতা রয়েছে। একটি বড় বাধা হলো ব্রিটিশ আমেরিকান টোব্যাকো বাংলাদেশ (বিএটিবি)-তে সরকারের শেয়ার থাকা, যা তামাক নিয়ন্ত্রণ নীতির প্রয়োগে স্বার্থের দ্বন্দ্ব তৈরি করছে। রাষ্ট্র যদি সত্যিই জনগণের স্বাস্থ্য ও পরিবেশ রক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ হয়, তবে এই স্বার্থের দ্বন্দ্ব নিরসন ও অংশীদারিত্ব প্রত্যাহার জরুরি। ২০২৪ সালের প্রস্তাবিত তামাক নিয়ন্ত্রণ আইন সংশোধনীড়্যার মধ্যে রয়েছে পাবলিক প্লেসে ধূমপান নিষিদ্ধ, ফ্লেভারযুক্ত পণ্যে নিষেধাজ্ঞা, প্লেইন প্যাকেজিং, জরিমানার পরিমাণ বৃদ্ধি এবং বিক্রয়স্থল নিয়ন্ত্রণড়্এসব পদক্ষেপ সময়োপযোগী ও প্রয়োজনীয়। একই সঙ্গে, বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ অনুযায়ী তামাকপণ্যে কর ৭৫ শতাংশ বৃদ্ধি করে এর ব্যবহার নিরুৎসাহিত করা যেতে পারে। ফিলিপাইনে এই করনীতি কার্যকর করে তামাক ব্যবহার ২৫ শতাংশ কমানো সম্ভব হয়েছে। তামাকের ছায়া থেকে মুক্তি পেতে হলে চাই রাজনৈতিক সদিচ্ছা, কঠোর আইন প্রয়োগ ও সমাজের সক্রিয় অংশগ্রহণ।

গণমাধ্যম, শিক্ষক, চিকিৎসক ও তরুণ সমাজের ঐক্যবদ্ধ উদ্যোগই পারে তামাকমুক্ত ভবিষ্যতের পথ প্রশস্ত করতে। অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের মতো দেশ যেখানে তামাক ব্যবহার ২০ শতাংশের নিচে নামিয়ে এনেছে, বাংলাদেশও চাইলে তেমন দৃষ্টান্ত স্থাপন করতে পারে। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে এটি একটি অপরিহার্য পদক্ষেপ। এখনই সময় সকলে মিলে সাহসী সিদ্ধান্ত নেওয়ার।

(সাংবাদিক)

# হজরত ওয়ায়েস করোনি (রহ.)

মাইমুনা আক্তার

ইসলামের ইতিহাসে সাহাবিরা খুবই গুরুত্বপূর্ণ মানুষ। তারা নবীজি হজরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইমানসহ চোখে দেখেছেন এবং তাঁর সঙ্গে সময় কাটিয়েছেন। সাহাবিদের ভালোবাসা ও শ্রদ্ধা করা প্রত্যেক মুসলমানের দায়িত্ব। কিন্তু এমন একজন মানুষ ছিলেন, যিনি নবীজিকে খুব ভালোবাসতেন, মুসলমানও ছিলেন, তবু সাহাবি হতে পারেননি। তাঁর নাম হজরত ওয়ায়েস করোনি (রহ.)। তাঁর জীবনের ঘটনা আমাদের অনেক কিছু শেখায়। সাহাবি কাকে বলে? সাহাবি সেই লোক, যিনি নবীজিকে ইমান নিয়ে চোখে দেখেছেন, এবং ইমান নিয়ে মৃত্যুবরণ করেছেন। যদি কেউ নবীজিকে দেখেন কিন্তু ইমান না আনেন, তিনি সাহাবি নন। আবার কেউ ইমান আনেন, কিন্তু পরে ধর্ম ছেড়ে দেন, তিনিও সাহাবি হতে পারেন না। সাহাবিরা আল্লাহর প্রিয় বান্দা। তারা ইসলামের জন্য অনেক কষ্ট সহ্য করেছেন। আল্লাহ তাআলা কুরআনে বলেছেন: "আল্লাহ তাদের ওপর সন্তুষ্ট এবং তারা আল্লাহর ওপর সন্তুষ্ট।" (সূরা তাওবা: আয়াত ১০০)। একজন সাহাবির মর্যাদা এত বেশি যে, পরের কোনো যুগের বড় বড় অলিও সেই মর্যাদা পান না। মুখদরামিন কারা? মুখদরামিন বলা হয় যারা নবীজির যুগে মুসলমান হয়েছেন, ইমান নিয়ে মৃত্যুবরণ করেছেন, কিন্তু নবীজিকে চোখে দেখতে পারেননি। তারা সাহাবি না হলেও সম্মানিত। হজরত ওয়ায়েস করোনি (রহ.) ছিলেন একজন মুখদরামিন। ওয়ায়েস করোনি (রহ.) ছিলেন ইয়েমেনের একজন আল্লাহভক্ত মানুষ। তিনি নবীজিকে খুব ভালোবাসতেন। তিনি নবীজির সঙ্গে দেখা করতে চেয়েছিলেন। কিন্তু তাঁর মা ছিলেন বৃদ্ধ ও অসুস্থ। তিনি একমাত্র ছেলেকে নিজের পাশে থাকতে বলেছিলেন। মা বলেছিলেন, "তুমি যদি নবীজির কাছ থেকে অনুমতি পাও, তাহলে আমি তোমাকে যেতে দেবো।" ওয়ায়েস করোনি (রহ.) নবীজির কাছে একজন লোক পাঠিয়ে তার কথা জানান। নবীজি উত্তরে বলেন:
"আমার সঙ্গে দেখা করার চেয়ে মায়ের খেদমত করাই ভালো।"ওয়ায়েস করোনি (রহ.) মায়ের কথা মেনে চলেন এবং নবীজির সঙ্গে দেখা না করেই তাঁর খেদমতে লেগে থাকেন। নবীজি মৃত্যুর আগে হজরত ওমর (রা.) ও হজরত আলী (রা.)-কে বলেন: "তোমরা ওয়ায়েস করোনির সঙ্গে দেখা করলে, তাকে আমার সালাম দিও এবং তার কাছে নিজের জন্য দোয়া চাও।" এটি প্রমাণ করে যে, সাহাবি না হয়েও ওয়ায়েস করোনি (রহ.) আল্লাহর কাছে কত প্রিয় ছিলেন। হজরত ওয়ায়েস করোনি (রহ.) আমাদের শিখিয়ে গেছেন: মা-বাবার খেদমত অনেক বড় ইবাদত। নবীজিকে ভালোবাসা মানে শুধু দেখা নয়, তাঁর কথা মানা সবচেয়ে বড় কাজ। কেউ সাহাবি না হলেও, যদি ইমান, ভালোবাসা ও ত্যাগ থাকে, আল্লাহ তার মর্যাদা বাড়িয়ে দেন। সাহাবিরা আমাদের ইসলামের পথ দেখিয়েছেন। তাদের শ্রদ্ধা করা উচিত। আর হজরত ওয়ায়েস করোনি (রহ.)-এর মতো মানুষ আমাদের শেখানড়্মায়ের খেদমত, নবীর আদেশ মানা, আর সত্যিকারের ভালোবাসাই একজন মুসলমানের বড় গুণ।

## ডা. তাহের

সংস্কার বাস্তবায়ন হবে। কিন্তু সরকারের মেয়াদ বা কমিশনের এখতিয়ার সম্পর্কিত কোনো সময়সীমা নির্ধারণ করা হয়নি। জামায়াতের নায়েবে আমির আশঙ্কা প্রকাশ করে বলেন, এই সরকার কি তাহলে দুই বছর ক্ষমতায় থাকতে চায়? যদি বর্তমান সরকার না থেকে পরবর্তী সরকার এসব বাস্তবায়ন করে, তাহলে এতদিন আমরা যে পরিশ্রম করেছি, তা কি কেবল পরামর্শ দেওয়ার জন্যই ছিল? তাহলে তো এর কোনো মূল্যই থাকল না।

তিনি আরও বলেন, আমরা শুরু থেকেই ধরে নিয়েছিলাম, এই প্রক্রিয়ার মাধ্যমে প্রস্তাবিত সংস্কারগুলো আইনগত ভিত্তি পাবে এবং তা বাস্তবায়ন বাধ্যতামূলক হবে। কিন্তু যদি আইনগত ভিত্তি না থাকে, তাহলে এটি কেবল কথার কথা থেকে যাবে। জনগণ তা মানবে না, গুরুত্ব দেবে না।

ডা. তাহের বলেন, বাংলাদেশের ৫৪ বছরের ইতিহাসে এই ধরনের পরিস্থিতি বহুবার তৈরি হয়েছে। তখনো আইনি জটিলতা পেরিয়ে সমাধানের পথ বের করা হয়েছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, এরশাদসহ অনেক শাসক আইনগত প্রক্রিয়ায় ক্ষমতায় গেছেন, সংসদ গঠন করেছেন, আইন পাশ করিয়েছেন। ফলে এবারও আইনি ভিত্তি দেওয়ার সুযোগ আছে। আইনজ্ঞদের নিয়ে বৈঠকের প্রস্তাব করে জামায়াতের এই নেতা বলেন, সেখানে আলোচনা হবে কীভাবে সংস্কার প্রস্তাব আইনগত ভিত্তি পেতে পারে। এখনই সেই আলোচনার সুযোগ দিলে ভালো হয়। ডা. তাহের আরও বলেন, জুলাই সনদ যদি বাস্তবায়নযোগ্য না হয়, আইনগত ভিত্তি না থাকে, তাহলে তা শুধু একটি প্রতীকী দলিল হয়ে থাকবে। তাতে আমরা সই করব না। কারণ, জনগণের কাছে যার কোনো বাস্তব মূল্য নেই, এমন প্রস্তাবে সই করে লাভ কী?

## জুলাই পুনর্জাগরণে মেহেরপুরে

সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার বিভিন্ন বিদ্যালয়ে পৃথকভাবে এসব অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিএম মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় : মেহেরপুর সদর উপজেলার ইউআরসি মিলনায়তনে বিএম মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আয়োজনে অনুষ্ঠিত হয় 'জুলাই পুনর্জাগরণ' উপলক্ষে সাংস্কৃতিক প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুরাইয়া আক্তার। প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ফারুক উদ্দিন, ইউআরসি ইনস্ট্রাক্টর আব্দুল মতিন, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা আশরাফুল ইসলাম ও অন্যান্য শিক্ষকবৃন্দ। প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (পিটিআই) : একই দিন দুপুরে মেহেরপুর পিটিআই মিলনায়তনে আয়োজন করা হয় অনুরূপ প্রতিযোগিতা। পিটিআই সুপার শামসুজ্জামান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন এবং বিশেষ অতিথি ছিলেন সহকারী সুপার ফরিদা ইয়াসমিন। চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।গাংনী থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় : গাংনী উপজেলার থানাপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগেও আয়োজন করা হয় 'জুলাই পুনর্জাগরণ' উদযাপন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সাদ্দাম হোসেন। বিশেষ অতিথি ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল শাকিল আহমেদ, সহকারী শিক্ষা অফিসার মো. আব্দুর রশিদ ও ফয়সাল বিন হাসান। পরে অতিথিবৃন্দ বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন। মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় : মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধান শিক্ষক শামসুজ্জা। প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল এবং বিশেষ অতিথি ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাফিজুর রহমান।

অনুষ্ঠানে চিত্রাঙ্কন, রচনা ও উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতায় অংশ নেওয়া শিক্ষার্থীদের হাতে পুরস্কার বিতরণ করা হয়।

## মুজিবনগরে দুর্নীতি প্রতিরোধে

মিলনায়তনে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আব্দুল হাই। প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পলাশ মণ্ডল।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান, দুর্নীতি দমন কমিশনের কুষ্টিয়া অঞ্চলের উপপরিচালক সাইদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন আল আজাদ, দুর্নীতি প্রতিরোধ কমিটির সাধারণ সম্পাদক বাকের আলী, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং গোপালনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম। দুর্নীতিবিরোধী বিতর্ক প্রতিযোগিতায় উপজেলার ১১টি বিদ্যালয় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয় ও আম্রকানন মাধ্যমিক বিদ্যালয় সমান পয়েন্ট অর্জন করে। পরবর্তীতে লটারির মাধ্যমে শিবপুর আদর্শ মাধ্যমিক বিদ্যালয়কে চ্যাম্পিয়ন ঘোষণা করা হয়। অনুষ্ঠান শেষে বিজয়ী ও অংশগ্রহণকারী দলগুলোর মাঝে পুরস্কার বিতরণ করা হয়। মতবিনিময় পর্বে বক্তারা শিক্ষার্থীদের মধ্যে সততা ও নৈতিক মূল্যবোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন।

## মির্জা ফখরুল

"১৫-১৬ বছর ধরে আমরা কথা বলছি। এখন তো আর নতুন কিছু বলার মতোও নেই। আমাদের বলা হয়, রাজনীতিবিদরা নাকি সব সমস্যার মূলে। অথচ রাষ্ট্রের সব দায়িত্বই নিতে হয় রাজনীতিবিদদের। অনেক সময় কঠিন সিদ্ধান্ত নিতে হয়, অনেক কাজ করতে হয়, যেগুলোর জন্য পরে সমালোচনার মুখে পড়তে হয়।" তিনি বলেন, "অনেক ত্যাগ-তিতিক্ষার পর এখন এমন একটি সময় এসেছে, যখন একটি গণতান্ত্রিক বাংলাদেশ গঠনের সুযোগ সৃষ্টি হয়েছে। যারা সত্যিকারের বিপ্লব করবেন, তারাই বিপ্লবী সরকার গঠন করবেনড় আমি সেটা বিশ্বাস করি। পাশাপাশি এটাও বিশ্বাস করি, জনগণের ম্যান্ডেট নিয়ে আমরা সরকার গঠন করব, প্রতিশ্রুতি পূরণ করব এবং পরে আবার জনগণের কাছেই ফিরে যাব।" প্রযুক্তি ও সময়ের সঙ্গে সঙ্গে সমাজ ও রাষ্ট্র কাঠামোয় পরিবর্তন আনা জরুরি বলে মনে করেন বিএনপি মহাসচিব। তিনি বলেন, "প্রযুক্তির অগ্রগতির সঙ্গে মানুষের চিন্তায়ও পরিবর্তন আসে। ফলে একটি পর্যায়ে রাষ্ট্র পরিচালনার ব্যবস্থায়ও সংস্কার প্রয়োজন হয়। রাজনৈতিক কাঠামোয় পরিবর্তন ছাড়া উন্নয়ন ধরে রাখা সম্ভব হয় না।" সরকারি দলের আচরণ নিয়েও ক্ষোভ প্রকাশ করেন মির্জা ফখরুল। তিনি বলেন, "সরকারের অনেক বন্ধু বলেন, আমরা শুধু আক্রমণ করি। আমি বলি, আক্রমণ তখনই হয় যখন আপনারা ব্যর্থ হন। ৫ আগস্টের ঘটনার পর ৭ আগস্ট আমরা একটি সভা করে তিন মাসের মধ্যে নির্বাচনের দাবি জানিয়েছিলাম। তখন আমাকে নিয়ে অনেক সমালোচনা হয়েছিল। কিন্তু আজ পরিষ্কার, তখনকার বক্তব্য সময়োপযোগী ছিল।" বক্তব্যের এক পর্যায়ে তিনি বলেন, "গণতন্ত্রে মতপার্থক্য থাকবে, সমালোচনাও হবে। কিন্তু রাজনৈতিক দলগুলোর মধ্যে একটা ন্যূনতম বোঝাপড়া থাকা জরুরি। তা না হলে কাদা ছোড়াছুড়ি তীব্র হয়, এবং সেই তিক্ততা ভবিষ্যতের জন্য ভয়াবহ হয়ে ওঠে।" আলোচনা সভায় বিএনপির সিনিয়র নেতারা ছাড়াও বিভিন্ন রাজনৈতিক, পেশাজীবী ও নাগরিক সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তারা সবাই একটি গ্রহণযোগ্য ও অংশগ্রহণমূলক রাজনৈতিক পরিবেশ গঠনের জন্য সংলাপ ও বোঝাপড়ার ওপর জোর দেন।

## চুয়াডাঙ্গা সীমান্তে বিজিবির কাছে ১৫

(বিএসএফ)। বুধবার (৩১ জুলাই) দুপুর ১টায় চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন (৬ বিজিবি) এবং ভারতের ৩২ বিএসএফ ব্যাটালিয়নের মধ্যে সীমান্তের মেইন পিলার ৭৬ এর নিকট শূন্য রেখায় এ আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়।

পতাকা বৈঠকে বিজিবির পক্ষে নেতৃত্ব দেন চুয়াডাঙ্গা ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মোঃ নাজমুল হাসান। অন্যদিকে বিএসএফের পক্ষে উপস্থিত ছিলেন ৩২ ব্যাটালিয়নের কমান্ড্যান্ট শ্রী সুজিত কুমার। উভয় পক্ষের সংশ্লিষ্ট কোম্পানি কমান্ডাররাও বৈঠকে অংশ নেন।

চুয়াডাঙ্গা বিজিবি' সহকারী পরিচালক হাযদার আলী জানান, বৈঠক শেষে বিএসএফের পক্ষ থেকে ১৫ বাংলাদেশী নাগরিককে বিজিবির কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়। হস্তান্তরপ্রাপ্তদের মধ্যে ৪ জন পুরুষ, ৪ জন নারী ও ৭ জন অপ্রাপ্তবয়স্ক রয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে হস্তান্তরপ্রাপ্তরা স্বীকার করেছেন যে, তারা বিভিন্ন সময়ে সীমান্তের বিভিন্ন পয়েন্ট দিয়ে অবৈধভাবে ভারতে প্রবেশ করেছিলেন। এদের প্রত্যেককে প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে পরিবারের জিম্মায় দেওয়ার উদ্যোগ নেওয়া হবে।

## কুস্টিয়ায় নাশকতার মামলায় ছাত্রলীগ

জানায়, গত ৫ এপ্রিল চুনিয়াপাড়া ঈদগাহ মাঠে রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডের উদ্দেশ্যে একটি গোপন বৈঠকের অভিযোগ ওঠে। ওই সময় এক বিএনপি কর্মী মিরাজুল ঘটনাস্থলের পাশে গেলে তার গাড়ির হেডলাইট ভাঙচুর করা হয়। পরবর্তীতে পুলিশ অভিযান চালিয়ে ঘটনাস্থল থেকে ছয়জনকে আটক করে এবং রামদা, তলোয়ারসহ দেশীয় অস্ত্র উদ্ধার করে। এ ঘটনায় মিরাজুল বাদী হয়ে মিরপুর থানায় একটি মামলা করেন, যার সূত্র ধরে ইমরান ও শিহাবকে গ্রেপ্তার করা হয়। মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম বলেন, "নাশকতার মামলায় গ্রেপ্তারকৃতদের আদালতে পাঠানো হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশের অভিযান অব্যাহত থাকবে।"

## তারেক রহমান

নির্বাচন আসছে, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নির্বাচনের মধ্য দিয়েই জনগণের ভবিষ্যৎ নির্ধারিত হবে।" তিনি ফ্যাসিবাদ, উগ্রবাদ ও চরমপন্থার বিরুদ্ধে সচেতন থাকার আহ্বান জানিয়ে বলেন, "আমরা চাই না বাংলাদেশে আবারও ফ্যাসিবাদ মাথাচাড়া দিয়ে উঠুক। এই ষড়যন্ত্র প্রতিহত করতে নারী সমাজকে আরও এগিয়ে আসতে হবে। কারণ ইতিহাস সাক্ষ্য দেয়ড়্নারীরা সবসময় অন্যায় ও নিপীড়নের বিরুদ্ধে সাহসিকতার সঙ্গে লড়াই করেছেন।" নারীদের উন্নয়ন ও ক্ষমতায়নের বিষয়টি বিশেষভাবে গুরুত্ব দিয়ে তিনি বলেন, "আমাদের দেশের বাস্তবতায় নারীরা এখনো অর্থনৈতিকভাবে অনেকাংশে পিছিয়ে। নারী শিক্ষা ও অর্থনৈতিক স্বাবলম্বিতা নিশ্চিত করতে না পারলে দেশে একটি ভারসাম্যপূর্ণ সমাজব্যবস্থা গড়ে তোলা যাবে না। বিএনপি ক্ষমতায় গেলে নারীদের জন্য বিশেষ কর্মসূচি হাতে নেওয়া হবে।" তিনি জানান, বিএনপি সরকার গঠনের সুযোগ পেলে প্রথম পর্যায়ে দেশের অন্তত ৫০ লাখ প্রান্তিক পরিবারকে একটি করে 'ফ্যামিলি কার্ড' প্রদান করা হবে। এই কার্ডের মাধ্যমে পরিবারগুলো খাদ্য, চিকিৎসা ও মৌলিক চাহিদাসহ নানা ধরনের সহায়তা পাবে। তারেক রহমান বলেন, "নারী শক্তিকে উপেক্ষা করে কোনো সমাজ বা রাষ্ট্র এগিয়ে যেতে পারে না। আমরা নারীদের শিক্ষায় অগ্রাধিকার দেব। পাশাপাশি তাদের ক্ষুদ্রঋণ, উদ্যোক্তা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ বাড়ানো হবে।" সভায় আরও বক্তব্য রাখেন মহিলা দলের কেন্দ্রীয় নেতারা। তারা নারীর প্রতি সহিংসতা, অর্থনৈতিক বৈষম্য এবং রাজনৈতিক অস্থিতিশীলতার প্রতিবাদ জানান এবং একটি অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচনের দাবিতে ঐক্যবদ্ধ আন্দোলনের অঙ্গীকার করেন। অনুষ্ঠানে দেশের বিভিন্ন জেলা থেকে আগত মহিলা দলের নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তারা তারেক রহমানের নেতৃত্বে দেশের গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার আহ্বান জানান।

## গাংনীতে পুলিশের অভিযানে তিনজন

পুলিশের গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। গাংনী থানার কাজীপুর ফরাজী পাড়ার খোশবুল খানের ছেলে টুটুল হোসেন (২২)। তার বিরুদ্ধে দ্রুত বিচার আইনে দায়েরকৃত নিয়মিত মামলায় আদালতের আদেশ অনুযায়ী গ্রেফতারি পরোয়ানা ছিল। পুলিশ তাকে তার নিজ এলাকায় অভিযান চালিয়ে আটক করে।গাংনী ভোলাডাঙ্গা গ্রামের আসিবুল ইসলামের স্ত্রী হামিদা খাতুন (৪৮)। তিনি একটি সি.আর. পরোয়ান-াভুক্ত মামলার পলাতক আসামি ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত তিন আসামিকে আইনগত প্রক্রিয়া শেষে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানী ইসরাইল জানান, "মেহেরপুর জেলা পুলিশ সুপারের নির্দেশনায় আমরা নিয়মিত অভিযান পরিচালনা করছি। জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার পাশাপাশি, অপরাধ দমন ও পরোয়ানাভুক্ত আসামিদের গ্রেফতারে আমাদের অভিযান অব্যাহত থাকবে।" তিনি আরও জানান, আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ সর্বদা সতর্ক রয়েছে এবং অপরাধীদের বিরুদ্ধে কোনও ধরনের ছাড় দেওয়া হবে না।

## জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের মানববন্ধন

প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। মানববন্ধন শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য দেন জেলা আইনজীবী সমিতির সভাপতি ও ফোরামের নেতা অ্যাডভোকেট ফারুক আহম্মেদ বিজন। আরও বক্তব্য রাখেন অ্যাডভোকেট কামরুল হাসান, অ্যাডভোকেট মোখলেসুর রহমান স্বপন ও অন্য নেতৃবৃন্দ। উপস্থিত ছিলেন অ্যাডভোকেট আনোয়ারুল ইসলাম, তুহিন অরণ্য, এহসান উদ্দিন মণা, নজরুল ইসলামসহ অনেকে। বক্তারা বলেন, দেশে বর্তমানে যে ফ্যাসিস্ট শাসন চলছে তার সূচনা হয়েছিল তত্ত্বাবধায়ক সরকার বাতিলের মধ্য দিয়ে। এ সিদ্ধান্তে মুখ্য ভূমিকা পালন করেন বিচারপতি খায়রুল হক। বক্তারা অভিযোগ করেন, তাঁর দেওয়া রায়ে ভিত্তি করে বর্তমান ক্ষমতাসীন সরকার দীর্ঘ সময় ধরে ক্ষমতায় রয়েছে এবং বিরোধী দল ও মত দমন করা হচ্ছে। তারা আরও বলেন, হাজার হাজার বিএনপি নেতা-কর্মীর বিরুদ্ধে মামলা হয়েছে, বিচারবহির্ভূত হত্যাকাণ্ড ও নির্যাতনের শিকার হয়েছেন অনেকেই। বক্তারা দাবি জানান, এসব নির্যাতনের বিচারের জন্য দায়ীদের গ্রেপ্তার করে স্পেশাল ট্রাইব্যুনালে বিচার করা হোক। তারা জানান, এসব ঘটনায় মামলা করা হলেও তা এখনো আলোর মুখ দেখেনি। বক্তারা এসব মামলার দ্রুত তদন্ত ও বিচারপ্রক্রিয়া শুরু করার দাবি জানান।

মানববন্ধন থেকে বক্তারা বিচারপতি খায়রুল হকের সাম্প্রতিক গ্রেপ্তারের খবরকে স্বাগত জানান এবং আশা প্রকাশ করেন যে, এই ঘটনার মাধ্যমে দেশের জনগণ বুঝতে পারবে, অন্যায় করলে বিচার থেকে কেউ রেহাই পাবে না।

## আগামী ৫-৬ দিন খুবই গুরুত্বপূর্ণ প্রেস সচিব

অংশগ্রহণ নিশ্চিত হলে সুষ্ঠু নির্বাচনের পথে কোনো বাধা থাকবে না। সরকার শান্তিপূর্ণ ও অংশগ্রহণমূলক নির্বাচন চায়।" চলমান অন্তর্বর্তী সরকারের কর্মকাণ্ড প্রসঙ্গে প্রেস সচিব বলেন, "এই সরকার একটি ক্ষতিগ্রস্ত অবস্থায় দায়িত্ব গ্রহণ করে। সেই বিবেচনায় বলা যায়, তারা ভালো কাজ করে দেখাতে পেরেছে।" চাঁদাবাজি ও দুর্নীতির বিরুদ্ধে সরকারের কঠোর অবস্থানের কথা জানিয়ে তিনি বলেন, "এ বিষয়ে সরকারের জিরো টলারেন্স নীতি রয়েছে। প্রমাণ মিললে যে কারও বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।" রাজনৈতিক দলগুলোর ফান্ড রেইজিংয়ে স্বচ্ছতার অভাবের বিষয়টি তুলে ধরে তিনি বলেন, "স্বাধীনতার ৫৪ বছর পরও রাজনৈতিক অর্থায়নে স্বচ্ছতা না থাকা অত্যন্ত দুঃখজনক।"

## ১ আগস্ট/৩২ জুলাই : 'রিমেম্বারিং

তাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত জুলাই মাস চলতেই থাকবে। ফলে তারা ১ আগস্টকে ৩২ জুলাই, ২ আগস্টকে ৩৩ জুলাই হিসেবে গণনা শুরু করেন। ৩২ জুলাই বৃহস্পতিবার ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা ও মহানগরে এসব কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা। কর্মসূচিতে শিক্ষার্থীর পাশাপাশি কোথাও কোথাও শিক্ষক, আইনজীবীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ গ্রহণ করেন।

এর আগে বুধবার রিমেম্বারিং আওয়ার হিরোজ কর্মসূচি ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। এতে বলা হয়, নির্যাতনের ভয়ংকর দিন-রাতের স্মৃতিচারণ, নিহত ও আহতদের নিয়ে পরিবার ও সহপাঠীদের স্মৃতিচারণ এবং আন্দোলন ঘিরে নির্যাতনের ঘটনা নিয়ে চিত্রাঙ্কন বা গ্রাফিতি, দেয়াল লিখন, ফেস্টুন তৈরি ইত্যাদির মাধ্যমে এ কর্মসূচি পালন করা হবে। সব শ্রেণি-পেশার মানুষকে অনলাইন ও অফলাইনে এ কর্মসূচি পালনের আহ্বান জানানো হয়।

এদিকে কোটা সংস্কার আন্দোলনে অংশ নেওয়ায় শহীদ, আহত, পঙ্গু ও গ্রেফতার সবার স্মরণে আগামীকাল (২ আগস্ট/৩৩ জুলাই) দেশব্যাপী 'প্রার্থনা ও ছাত্র-জনতার গণমিছিল' কর্মসূচি ঘোষণা করা হয়। বৃহস্পতিবার সন্ধ্যায় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আব্দুল কাদের স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

কর্মসূচি ঘোষণা দিয়ে বিবৃতিতে বলা হয়, জাতির এই দুর্দিনে আন্দোলনে অংশ নেওয়ার অপরাধে শহীদ, আহত, পঙ্গু ও গ্রেফতার হওয়া সবার স্মরণে শুক্রবার দেশব্যাপী 'প্রার্থনা ও ছাত্র-জনতার গণমিছিল' কর্মসূচি ঘোষণা করছি। গণহত্যা ও গণগ্রেফতারের প্রতিবাদে এবং শিক্ষার্থীদের ৯ দফা দাবি আদায়ের লক্ষ্যে ২ আগস্ট শুক্রবার জুমার নামাজ শেষে দোয়া, শহীদদের কবর জিয়ারত, মন্দির, গির্জাসহ সব উপাসনালয়ে প্রার্থনার আয়োজন করা ও ছাত্র-জনতার গণমিছিল অনুষ্ঠিত হবে।'

শ্রমিক, পেশাজীবী, সংস্কৃতিকর্মী, গণমাধ্যমকর্মী, মানবাধিকারকর্মী, বুদ্ধিজীবী, আলেম-ওলামাসহ বাংলাদেশের সর্বস্তরের নাগরিকদের 'প্রার্থনা ও ছাত্র-জনতার গণমিছিল' কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশ গ্রহণের আহ্বান জানানো হয় বিবৃতিতে।

এইদিন ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের (ডিবি) হেফাজতে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়কে মুক্তি দেওয়া হয়। ১ আগস্ট দুপুর দেড়টার দিকে তারা ডিবি কার্যালয় থেকে গাড়িতে করে বের হয়ে যান। ওই সময় সমন্বয়ক নাহিদ ইসলামের বাবা বদরুল ইসলাম জানান, ভোর ৬টায় সবার বাসায় ফোন দিয়ে ডিবি অফিসে আসতে বলা হয়। পরে দুপুর দেড়টার দিকে ডিবি কার্যালয়ের নিজস্ব পরিবহন ব্যবস্থায় তাদেরকে বাসায় পৌঁছে দেওয়া হয়। তারা দুই দিন ডিবি অফিসে অনশন করেছে। তারা এখন শারীরিকভাবে বিপর্যস্ত বলেও জানান তিনি।

১ আগস্ট বিকেলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে নির্বাহী আদেশে সন্ত্রাস বিরোধী আইনের ১৮ (১) ধারা অনুযায়ী প্রজ্ঞাপন জারির মাধ্যমে জামায়াতে ইসলামী ও ইসলামী ছাত্রশিবিরকে নিষিদ্ধ করে সরকার।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ৯ দফা দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের একদল শিক্ষার্থী কেন্দ্রীয় শহীদ মিনার থেকে মিছিল বের করেন।

এর আগে 'শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলা ও নিপীড়নের প্রতিবাদে' সকালে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে অবস্থান কর্মসূচি পালন করেন লোকপ্রশাসন বিভাগের শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীরা।

এইদিন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের (শেকৃবি), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) সহ দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' কর্মসূচি পালিত হয়। এদিকে দেশ ও ঢাকা বিশ্ববিদ্যালয় সার্বিক পরিস্থিতি সম্পর্কে সংবাদ সম্মেলন করে বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী নীলদল। লিখিত বক্তব্যে তারা শিক্ষার্থীদের দাবির কাঙ্ক্ষিত সমাধান হওয়ায় তাদের আন্দোলনের পথ পরিহারের আহ্বান জানান। কোটা সংস্কারের দাবিতে ছাত্র আন্দোলনে নিহত আবু সাঈদসহ সব হত্যাকাণ্ডের বিচার, শিক্ষার্থীদের নিরাপত্তা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশের দাবি জানায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।